



ভোট পূর্ববর্তী হিংসার কথা জানাতে বুধবার
নবান্নে গেলেন আইএসএফ বিধায়ক নওশাদ
সিদ্দিকি, তবে দেখা হলো না মুখ্যমন্ত্রী মমতা
বন্দ্যোপাধ্যায়ের সাথে। ...বিস্তারিত পাতা ৩



মনোনয়ন চলাকালীন বাঁকুড়ার ইন্দ্রাসে ব্যাগ
ভর্তি বোমা-সহ দু'টি গাড়ি আটক করল
পুলিশ। দু'টি গাড়িতে থাকা ৮ জনকেও
আটক করেছে পুলিশ। ...বিস্তারিত পাতা ৫



আবার নতুন করে হিংসা ছড়াল মণিপুরে।
ইতিমধ্যেই হিংসার প্রাণ হারিয়েছেন ৯ জন।
হিংসা ছড়ানোয় মণিপুরে নতুন করে কারফিউ
বলবৎ করা হয়েছে। ...বিস্তারিত পাতা ৬



কেরালা ব্লাস্টার্স থেকে ১ বছরের লোনে লাল
হলুদে সই করলেন নিশু কুমার। কোচ কার্লোস
কুয়াদ্রাত লেফট ব্যাকে একজন অভিজ্ঞ
ফুটবলারকে চেয়েছিলেন। ...বিস্তারিত পাতা ৮৮

‘রাজ্যের
পঞ্চাশের
বেশি ব্লকে
লুণ্ঠ করছে
গুন্ডারা’

মুর্তি বাতী, কলকাতা, ১৪ জুলাই
ভাঙা থেকে কেঁদে কয়ে ক্যান্টিন।
মনোমানসন পর্বের মধুরী রাজেরো নানা
প্রাণ থেকে লাগাতার আসছে হিংসার
খবর। বেশিরভাগ জয়গাংই তনুশূল
আশ্রিত দৃষ্টভীতেরে বিবেকে
বিবেধীদেব নমোনেয় বাধা দেওয়ায়
অভিযোগ উঠেছে। ইতিমধ্যে দলের
প্রার্থীদের মনোনাশন নিশ্চিত করার
দাবিতে নারায়ণ টুটকেনে আইএসএফ
বিরোধী কনশাঙ্গ সিদ্ধিকী। যদিও
দেখা পাননি মুখ্যমন্ত্রী মমতা
বন্দ্যোপাধ্যায়ের। এরইমধ্যে এবার
নির্বাচন কমিশনে একপ্রাণ কমিশনে
গিয়ে মনোনাশন নিয়ে অবশ্য ক্ষোভ
উগরে দিলেন বিনোদসভার বিরোধী
দলনেতা শুভেন্দু অধিকারী। এদিন
নিজ ছাড়াও গিয়েছিলেন বিধায়ক
হিরণ চট্টোপাধ্যায়, শশিধর
বাজোয়িয়া, রাজ্য বিজেপির সভাপতি
সুকান্ত মজুমদার-সহ অন্যান্য
নেতৃবৃন্দ। শুভেন্দুর সাফ দাবি,
গুণ্ডারের বেশি রক্কে লেট করছে
পঞ্চাশ। কিন্তু, সে দুটোও কিছুই
করছে না রাজ্য নির্বাচন কমিশন।
কমিশনের বিরুদ্ধে এরপর ক্ষোভ
উগরে দিয়ে নন্দীপ্রসাদের বিধায়ক
বলেন, “আমাদের নমিনেশন ফাইল
করতে দিতে হবে। যে এলাকায়
উনিশ এবং একশে বিজেপি লিড
দেখছে সেই এলাকায় প্রার্থী পাওয়া
যাবে না এটা হতে পারে না।”



প্রথমদিন থেকে হিন্দাস, সমদেশখালি
১, সমদেশখালি ২, নিনাখা, ভাঙড, ক্যানিং-সহ গোটা রাজ্যের পঞ্চাশের বেশি রকে লুণ্ঠ করছে শুভান্না। তাই গণতন্ত্র বাঁচাতে আমাদের লড়াই চলছে। আমরা হাইকোর্টে গিয়েছি ক্ল্যারিফিকেশনের জন্য। এবং আমরা এও বলছি যারা মনোনিয়ন জমা দিতে গিয়ে বাধ্যপ্রাণ্ড হয়েছেন তারা নির্বাচন কমিশনে আসুন। পুলিশ আমাদের আটকতে পারবে না। যে লড়তে চায় তাকে গুলিয়ে দিতেই হবে। মমতা বন্দ্যোপাধ্যায়কে লুণ্ঠ করতে দিচ্ছি না, লুণ্ঠ করতে দেব না। এটা আমাদের চ্যালেঞ্জ, এটা আমরা করে দেখাব।” প্রসঙ্গত, মনোনিয়ন জমার দিন বাড়ানোর জন্য হাইকোর্টে মামলা হয়েছিল হাইকোর্টে। তবে রাজ্যের শীর্ষ আদালতের কমিশনের বিজ্ঞপ্তিতে কোনও হস্তক্ষেপ করেনি। আর সে কারণেই ১৫ জুনই শেষ হচ্ছে মনোনিয়ন জমার প্রক্রিয়া। মনোনিয়ন প্রত্যাখ্যের শেষ দিন ২০ জুন।

প্রাথমিক দুর্নীতিতে চমকে
ওঠা রিপোর্ট সিবিআই-এর!
এবার থেকে জেলে
নজরে থাকবেন কুস্তল

দুরন্ত বার্তা, ককাকাতা, ১৪ জনঃ দুর্নীতি নিয়ে কেন্দ্রীয় সংস্কার তদন্তের আদ্য মূল্যের দিয়েছিল জেলবন্দী কুন্তল ঘোষের চিঠি। সেই চিঠির সূত্র ধরে মোড়ক খুলে নির্দেশে জিজ্ঞাসাবাদ করা হয়েছে তদন্তেরে সর্বব্যাপী সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়কেও। দফায় দফায় জেরা করা হয়েছে কুন্তলকেও। তবে সেই মামলায় দস্তক রিপোর্টে একেবারেই সন্তুষ্ট হল না আদালত। সত্য সামনে নিয়ে আসতে আর কতদিন সময় লাগবে, সিবিআই এর কাছে জানতে চাইলেন বিচারপতি অমৃত সিংহ। ধুববার কুন্তল ঘোষের চিঠি মামলার তদন্ত রিপোর্ট আদালতে জমা দিয়েছে সিবিআই। অভিষেক ও কুন্তলকে জিজ্ঞাসাবাদ করে কী তথ্য উঠে এসেছে, তা উল্লেখ করা হয়েছে রিপোর্টে। উল্লেখ্য, কুন্তল ঘোষের অভিযোগ হল, তাঁকে অভিষেকের নাম বলতে চাপ দিচ্ছে কেন্দ্রীয় সংস্থা। এদিন রিপোর্ট দেখে বিচারপতি অমৃত সিংহ বলেন, “আপনাদের আর কত সময় লাগবে? তদন্তের অন্তিমটি কোথায়? জেলের বাইরে কি সিসিটিও বসেছে?” কুন্তল ঘোষের সঙ্গে কারা দেখা করে আসছে সেটা গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন তিনি। কেন্দ্রীয় সংস্কার কাছে তার প্রশ্ন, কতদিন সময় লাগবে সত্য সামনে আনতে? সিবিআই অফিসারদের দক্ষতা নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি। বিচারপতির প্রশ্নে সিবিআই জানায়, এটি প্রাথমিক রিপোর্ট, যেখানে



অভিষেক ও কুন্তলের জিজ্ঞাসাবাদ করে কী তথ্য মিলেছে, সেটাই উল্লেখ করা হয়েছে। বেশ কিছু সদেহজনক তথ্যের কথা উল্লেখ আছে রিপোর্টে। কীভাবে তদন্ত করা হচ্ছে, রিপোর্টে সেটাও জানিয়েছে সিবিআই। তাদের দাবি, শুধু এই দুজনকে নয়, আরও অনেককে জিজ্ঞাসাবাদ করতে হচ্ছে। কুন্তলের কোনও আধাচের চিহ্ন নেই বলেও জানিয়েছে সিবিআই। এ ক্ষেত্রে ৫০ শতাংশ কাজ শেষ হয়েছে বলে দাবি তদন্তকারীদের। সিবিআই ফুটজেন্দ সারফক্ষণ করা হয়েছে ৬ এপ্রিল পর্যন্ত। আদালতে সিবিআই জানায়, অনেককে বন্দোধ্যাপ্যায় জানিয়েছেন, তিনি কুন্তলকে চেনেন না। ইতিমধ্যে ২ ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে বলেও আদালতে দাবি করেছে সিবিআই। এদিকে, এখনও পর্যন্ত ৩০০ কোটি দুর্নীতির সন্ধান আমরা পেয়েছি। আদালতে দাবি হিউ-র আইনজীবীর। শুনারিয়ে বিচারপতি নির্দেশ দিয়েছেন, জেলের মধ্যে কুন্তল ঘোষের চালাফোয়া নগরদারি বাড়াতে হবে। প্রেসিডেন্সি জেল কর্তৃপক্ষকে এই নির্দেশ দেওয়া হয়েছে। আদালতের নির্দেশ, কুন্তলের সেলের বাইরের সিটিটি ফুটজেন্দ সারফক্ষণ করতে হবে। তার সঙ্গে জেলের কারা কুন্তলের সঙ্গে দেখা করতে আসছে তা নজর রাখতে হবে। আগামী ২০ জুলাই ফুটজেন্দ জমা দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে।

বাংলার পথগায়িতে জাতীয় মানবাধিকার কমিশন পর্যবেক্ষক নিয়োগ করবে, চ্যালেঞ্জ করে মামলা নির্বাচন কমিশনের দূরত্ব বার্তা, কলকাতা, ১৪ জুন: রাজ্যের পথগায়িতে ভোটের স্বত্ব প্রসাদিতভাবে পর্যবেক্ষক নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছে জাতীয় মানবাধিকার কমিশন। তাকে চ্যালেঞ্জ করে রাজ্য নির্বাচন কমিশন মনবচা হাইকোর্টে মামলা দায়ের করল। বিচারপতি সব্যসাচী ভট্টাচার্যের এজলাসে চলতি সপ্তাহেই সেই মামলার শুনানি হতে পারে। অতীতের ভোটে হিংসার কথা মাথায় রেখেই পর্যবেক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে জাতীয় মানবাধিকার কমিশন। তাদের বক্তব্য, ২০১৮-১৯ পথগায়িতে, একুশের ভোটে পরবর্তী সময়ে বাংলায় ভয়ঙ্কর ছবি দেখা গিয়েছিল। সেসব মায়ায় রেখেই জাতীয় মানবাধিকার কমিশন এই সিদ্ধান্ত নিয়েছে। পাল্টা রাজ্য নির্বাচন কমিশনের বক্তব্য, তারা একটি স্বাস্থ্যসিঁত সস্তা পর্যবেক্ষক নিয়োগ করার হলে তারাই করবে। এখানে জাতীয় মানবাধিকার কমিশন কেনওভাবেই তা করতে পারে না। নজরদারির কোনও ঈচ্ছার জাতীয় মানবাধিকার কমিশনের নেই। রাজনৈতিক মন্তব্যের অনেকে মতে, জাতীয় মানবাধিকার কমিশন উদ্দেশ্যপ্রসাদিতভাবেই এই পর্যবেক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। তৃপ্তমূলের এক নেতার বক্তব্য, জাতীয় মানবাধিকার কমিশনের ভূমিকা বেঅক্রহয়ে গিয়েছে। তারা হাথরাস, উল্লাওয়ে যায় না। বাংলায় একটি পিপড়ে কামালগে ডেম পাটিয়ে দেয়। এখন দেখার হাইকোর্টের শুনানিতে আদালত কী নির্দেশ দেয়।

‘বিরোধীদের সব অভিযোগ মিথ্যা’

মনোনয়ন-তথ্য তুলে ধরে বড় দাবি অভিষেকের!

দুরন্ত বাতা, ক্যানিং, ১৪ জুনঃ ১৫ জুনের মধ্যেই শেষ করতে হবে মনোনয়ন জমার কাজ। বাড়তি সময় চাইলেও তা দেয়নি আদালত। অর্থাৎ হাতে আর মাত্র একটা দিন। তারমধ্যেই শাসক থেকে বিরোধী, সমস্ত



মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন আইএসএফ বিদ্যায়ক নওশাদ সিদ্দিকী। অসিও তৃণমূলর সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিজেক বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, বিরোধীদের অভিযোগ সত্য নয়। বারুইপুর পূর্বের জনসংযোগ কর্মসূচি থেকে অভিজেক বলেন, “বিরোধীদের অভিযোগ সত্য নয়। এখনও অবধি যা মনোনিয়ন জমা পড়ছে তাতে দেখা যাচ্ছে বিরোধীদের মনোনিয়ন ভালোই জমা পড়ছে। তাহলে বাধা দেওয়ার এত

ভাষাভেদে বিচার করে ওরা বলে? আমরা কাউকে মনোনিয়ন জমা দিতে বাধা দিইনি। আজ ও আগামীকালের আমরা আমাদের মনোনিয়ন জমা দেবা। বিরোধীদের মনোনিয়ন জমা দিতে কোথাও অসুবিধা হলে আমাদের জানাকা বিরোধীরা ৮০ হাজার আসনে মনোনিয়নপত্র জমা দিয়েছে। তৃণমূল সেখানে ১০ হাজারে। অন্যদিকে নির্বাচন কমিশনের সামনে দাঁড়িয়ে ক্ষোভ উগরে দিয়েছেন শুভেন্দু অধিকারী। তিনি বলেন, “প্রথমদিন থেকে ইন্দ্রস, সমদেশখালি ১, সমদেশখালি ২, মিনার্ভা, ভাঙদ, ক্যানিং-সহ গোটা রাজ্যের পঞ্চাশের বেশি ব্লকে লড়াই করছে শুভনারী। তাই গণতন্ত্র বাচাতে

আমাদের লড়াই চলছে। আমরা হাইকোর্টে গিয়েছি। ক্যারিফিকেশনের জন্য। এবং আমরা এও বলছি যারা মনোনিয়ন জমা দিতে গিয়ে বাধাপ্রাপ্ত হয়েছে তারা নির্বাচন কমিশনে আসুন। পুলিশ আপনাদের আটকাতে পারবে না।” প্রসঙ্গত, ৮ জুলাই রাজ্যে এক দফায় পঞ্চাশের নির্বাচন হয়ে চলেছে। ফলপ্রকাশ ১১ জুলাই। নির্বাচন কমিশনে মোট আসন ৭৩ হাজার ৮৮৭। মোটের প্রায় পঞ্চাশের আসন ৬৩,২২৯। পঞ্চাশের সমিতি

৯.৭.৩০। জেলা পরিষদ ৯.২.৮।

বাড়ছে না
বাস ভাড়া

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুনঃ
এখনই বাড়ছে না বাস ভাড়া। বিকল্প
পলিসি গ্রহণ করছে রাজ্য সরকার।
ইসিএল এর সঙ্গে মৌ স্বাক্ষরিত
হযোচ্চ পায় ১২০০ই বাস নিয়ে।

ভিজেলের থাকা সামলে সিএনজি কনভার্ট এবং ই-বাস চালিয়ে খরচ কমানোর প্যাকাজে রাজ্য সরকার। পরিবহন মন্ত্রী স্বেহাশিস চক্রবর্তী এবং প্রাক্তন পরিবহন মন্ত্রী কিরহাদ হাকিম, স্পষ্ট জানিয়ে দিয়েছেন যে অদূর ভবিষ্যতেও সাধারণ মানুষের উপর বাস ভাড়া বাড়িয়ে বোঝা চাপানো হবে না। পাশাপাশি, কলকাতা শহর থেকে জেলায় জেলায় চলে, এরকম ভিজেল চালিত আরও প্রায় ১০০০ বাসকে একটি কটি বিসিয়ে ভিজেল থেকে সিএনজি অথবা ডুয়াল (ডিডুজেল-সিএন জি যুক্ত) করা হচ্ছে। সিএনজি-র দাম ভিজেলের থেকে কম। তাই ভাড়া একই রেখেও সাশ্রয় বা আয় কিছুটা বাড়বে মালিকদের। বহুক্ষেত্রেই যাত্রীদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে, সেসবকারি বাস নিজেদের ইচ্ছামতে ভাড়া নিচ্ছে। কোথাও হিঙ্গুল, কোথাও বা আবার তিনগুণ ভাড়া নিচ্ছে। যাত্রীরা অভিযোগ করছেন সেসবকারি বাসগুলো কোথাও ভাড়ার তালিকা বা ফ্লোর চার্ট লাগানো থাকে না। ফলে যাত্রীরা বেশি ভাড়া নিয়ে প্রতিবাদ করলেও কিছু করার থাকে না।

কালীঘাটের কাকুর কেসটা ক্লাসিক টাকা গেনদেনের, কোটে বলল ইডি

দুই বার্তা, কলকাতা, ১৪ জুলাই ১৪ দিন ইডি হোজাভতের পর বুধবার আদালতে পেশ করে। হায়েজি সূর্যকুমার ভদ্র ওরফে হায়েজাটের কলকাতা নিয়ে শুনানিতে ইডি যেনম তাকে বিবারণাভাগীয় হোজাভতে পাঠানোর আর্জি জানায়, তেমনই কালীঘাটের কাকুর আইনজীবীরা জমিনের সওয়াল করেন। এদিনে শুনানিতে কালীঘাটের কাকুর জমিনের বিবোধিতা করে হিডির আইনজীবীরা দাবি করেন, 'এই কেসটা এটো ক্লাসিক মানি ট্রেন-এর কেস' কেনে ক্লাসিক? তার ব্যাখ্যা যেন ইডি আইনজীবীরা। এদিন

নারদ-কাণ্ডে অপরূপার বিরুদ্ধে
তদন্ত চার মাসে শেষ করতে
সিবিআই-কে নির্দেশ হাইকোর্টের



মুহুর্ত বার্তা, কলকাতা, ১৪ জুনঃ
নারদ মামলায় সিবিআই-কে
তদন্তের সুযোগ বেঁচে দিল কলকাতা
হাইকোর্ট। তৃণমূল সাংসদ অপরাধ
সোপানান্তর করা আবেদনের
ভিত্তিতে যে মামলা চলছে
আদালতে, বুধবার ছিল তার
শুনানি। সেই শুনানিতেই চার
মাসের মধ্যে তদন্ত শেষ করতে হবে
বলে নির্দেশ দেওয়া হয়েছে। ২০১৪
সাল একাধিক নেতা বা প্রভাবশালী
ব্যক্তিকে ঘুষ হিসেবে টাকা নিতে
কথা গিয়েছিল। সিংহ অপরাধে
দোষা হয়েছিল সেই খবরে। সেই
মামলার তদন্ত এখনও চলছে। প্রায়
৯ বছর পর চার্জশিটে নাম না থাকা
সত্ত্বেও তাঁকে 'হেনস্থা' করা হচ্ছে
বলে অভিযোগ জানিয়ে আদালতের
দায়ের হয়েছেন আদালতগোপন সাংসদ
অপরাধ। একাধিকবার থেকে নাম
বাদ দেওয়ার আর্জি জানিয়েই
মামলা করেছে নারদ-কাণ্ডে
অন্যতম অভিযুক্ত অপরাধ
সোপান। বুধবার বিচারপতি
রাজেশ্বর নাথুর এজলাসে ছিল
সেই মামলার শুনানি। সিবিআই-
এর তরফে জানানো হয়েছে, ভয়েস
সাম্পল গান্ধী নারদ সিংএসএল
থেকে আসতে সময় লাগছে, তাই
দেবির হচ্ছে তদন্তে। সিবিআই-এর
যুক্তিতে গুরুত্ব না দিয়ে কোর্টের

নির্দেশ, চার মাসের মধ্যে শেষ
করাতে হবে তাম্র। উল্লেখ্য,
সুখদাত্র অপরূপা। সেই সময়
তাম্রমূলের একেবারে প্রথম সারি
থাকা নেতাদের ছবিও দেখা
গিয়েছিল ওই সিংহ অপারেশনের
ভিডিওতে। অভিযোগ উঠেছিল
ফিরহাদ হাকিম, শোভন
চট্টোপাধ্যায়, মুকুল রায়ের
বিরুদ্ধে ও ইতিমধ্যেই সেই মালায়ায়
অন্যতম অভিযুক্ত সুব্রত
মুখোপাধ্যায় ও সুলতান আহমেদের
মৃত্যু হয়েছে। উল্লেখ্য, ২০১১-এ
নারদ মালায়া ফিরহাদ হাকিম,
শোভন চট্টোপাধ্যায়, সুব্রত
মুখোপাধ্যায় ও মদন মিত্রকে
গ্রেফতার করেছিল সিবিআই। সেই
সময় নিজাম পালাসে গিয়ে
বিরুদ্ধে দেখিয়েছিলেন গোয়ে
মুখামন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।



১৬
জুন
২০২৩

তৃণমূলে
নবজোয়ার

নামখানাতে
সু-স্বাগতম

অভিষেক বন্দ্যোপাধ্যায়

সুন্দরবনে পদার্পণ করার জন্য
আপনাকে জ্ঞানাই
অন্তরিক শ্রদ্ধা ও কৃতজ্ঞতা।

বক্শিম চন্দ্র হাজারা
ভারপ্রাপ্ত মন্ত্রী পঃ বঃ সরকার

একতলা বাড়ির সমান ঢেউ!

গুটি পায়ে 'বিপর্যয়' এগোতেই উত্তাল
সমুদ্র, ৮ রাজ্যে জারি হল সতর্কতা

মাদ্রাস, ১৪ জুনঃ চোখ রাঙাচ্ছে ঘূর্ণিঝড় 'বিপর্যয়'। আগমিকাল, বৃহস্পতিবারই ল্যান্ডফল হতে চলেছে আরব সাগরের উপরে তৈরি হওয়া অতি শক্তিশালী ঘূর্ণিঝড়ের। মৌসম ভবনের পূর্বাভাস অনুযায়ী, বৃহস্পতিবার দুপুরে গুজরাটের কাছ উপকূলে আছড়ে পড়তে পারে এই ঘূর্ণিঝড়। এরপরে তা পাকিস্তানের দিকে অগ্রসর হবে। হলভাগে প্রবেশের আগেই কিছুটা শক্তি হারিয়েছে ঘূর্ণিঝড়। প্রবল থেকে বর্তমানে অতি শক্তিশালী ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে এই ঘূর্ণিঝড়। তবে হলভাগে প্রবেশ করার পর এর ম্যাকপাল প্রভাব পড়তে পারে। ইতিমধ্যেই ঘূর্ণিঝড় কাকবিহার প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। গুজরাটের সৌরস্ট্রি ও কচ্ছের নীচ এলাকাগুলি থেকে সরিয়ে নিয়ন্ত্রণ যাওয়া হচ্ছে স্থানীয় বাসিন্দাদের। প্রস্তাব রাখা হয়েছে উদ্ধারকারী নৌল ও ঘূর্ণিঝড় বিপর্যয়ের প্রভাবে মৌসম ভবনের তরফে একাধিক রাজ্যে সতর্কতা জারি করা হয়েছে। গুজরাট, রাজস্থান, মহারাষ্ট্র, গোয়া, কেরাল, তামিলনাড়ু, কর্ণাটক, মধ্যপ্রদেশ, পশ্চিম ও উত্তরপ্রদেশে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের



করে দেওয়া হয়েছে। মৎসজীবীদেরও আগামী দুইদিন সমুদ্রে যাওয়ার উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। মৌসম ভবনের তথ্য অনুযায়ী, করাচি থেকে ৩৮০ কিলোমিটার দক্ষিণে অবস্থান করছে এই ঘূর্ণিঝড়। ১৫ জুন, দুপুরে গুজরাটের মাণ্ডবি ও পাকিস্তানের করাচি মাঝে ল্যান্ডফল করতে পারে এই ঘূর্ণিঝড়। অতি শক্তিশালী

ঘূর্ণিঝড়ের দাপটে গুজরাটের একাধিক জেলায়
বাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। বিদ্যুৎ,
টেলিফোনের খুঁটি উপড়ে যাওয়ারও সন্ভাবনা
রয়েছে। বাপক ক্ষয়ক্ষতি হতে পারে রেললাইন
থেকে শুরু করে কৃষিজমির। মঙ্গলবারই
আবহাওয়া দফতর সূত্রে জানানো হয়েছিল,
মৌসুমী বায়ু থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে
এই ঘূর্ণিঝড়। বিশ্বক্ষয়ের প্রভাব বর্ষার প্রবেশ বা
বৃষ্টিপাতের উপরে আর প্রভাব পড়বে না। হঠাৎ
করেই ঘূর্ণিঝড়ের প্রভাব বৃদ্ধির কারণ হিসাবে
জানাব। পবিত্রনকেই দায়ী করা হয়েছে।
অন্যদিকে, ঘূর্ণিঝড় বিপর্যয় মোকাবিলা করতে
ইতিমধ্যেই গুজরাট প্রশাসনের তরফে একাধিক
পদক্ষেপ করা হয়েছে। মঙ্গলবার প্রশাসনের
তরফে ৩০ হাজার মানুষকে উপকূলবর্তী এলাকা
থেকে সাময়িকভাবে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।
বিপর্যয় মোকাবিলায় একাধিক এন্ডিআরএফ ও
এসডিআরএফ বাহিনীও মোতায়েন রয়েছে।
ভারতীয় সেনার তরফেও উদ্ধারকাজের মহড়া
দেওয়া হচ্ছে, পশ্চত করা হয়েছে একাধিক ত্রাণ
শিবির।

জ্যাক ডোরসে যা বলেছেন সম্পূর্ণ মিথ্যে, নিজের অপকর্ম ঢাকতে চাইছেন:অনুরাগ ঠাকুর



নয়াদিিল্লি, ১৪ জুন : টুইটারের প্রাক্তন সিইও জ্যাক ডোরসে-র বিরুদ্ধে তেপ দাগলেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। জ্যাক যে অভিযোগ করেছেন, সেই অভিযোগ খারিজ করে অনুরাগ ঠাকুর বলেছেন, তিনি যা বলেছেন, তা নিলজ্জ মিথ্যা। জ্যাক ডোরসি বছরের পর বছর ঘুমের পর জেগে উঠেছেন এবং নিজের অপকর্ম ঢাকতে চাইছেন।কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর বলেছেন, টুইটার যখন অন্য একজন কিনে য়ে, তখন ‘টুইটার ফাইলস’-এ প্রকাশ করা হয় কীভাবে প্ল্যাটফর্মের অপব্যবহার করা হচ্ছে। জ্যাক ডোরসি এখনও পর্যন্ত সেই উত্তর দিতে পারেননি কারণ তিনি উদ্ঘোষিত হয়েছিলেন... ভারতে নির্বাচন এলে বেশ কিছু বিদেশী শক্তি জেগে ওঠে।

ভোটে বিজেপি-র মনোনয়নে আশাবাদী দিলীপ

কলকাতা, ১৪ জুন : এখনও পর্যন্ত বিজেপি এগিয়ে আছে। এবং সব জায়গায় মনোনয়ন দেওয়ার জন্য প্রস্তুত নিয়েছি আমরা। পঞ্চায়েত ভোটে বিজেপি-র মনোনয়নে এভাবেই আশাবাদের কথা জানানেন বিজেপি-র সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ।গতবারের তুলনায় কী এবার বেশি মনোনয়ন করবে বিজেপি? এই প্রশ্নের উত্তরে বুধবার ইকোপার্ক সাংবাদিকদের তিনি বলেন, প্রথম দুদিন তো মনোনয়ন নেওয়ার জন্য প্রাশন প্রস্তুত ছিল না। সরকারি কোনও নোটিশ ছিল না অভিজ্ঞতা নেই। আবেদনপর দিতে পারছিল না। ডিসিআর কাটতে পারছিল না। এত ক্লো কাজ করছেন সরকারি কর্মীরা, যে লাইন দিয়ে দাড়িয়ে থাকতে হচ্ছে।আমি কালকে সারাদিন হেমদীনপুর ঘুরেছি। ৪২ ডিগ্রির উপরে তাপমাত্রা চলে গেছে, ভাবুন সেই অবস্থায় বাইরে দাড়িয়ে আছে।নাকেরা। মনোনয়ন জমা দিতে। অফিসের মধ্যে গিয়ে ঘণ্টার পর ঘণ্টা বসতে হচ্ছে। কী অব্যবস্থা।কয়েকজন বিডিও ভালো ব্যবস্থা করেছেন। কী সুন্দর ব্যবস্থা করছেন। যারা অনভিজ্ঞ এবং নতুন বিডিও সেখানে দেরি হচ্ছে। তৃণমূল কংগ্রেসে তাতে শুধুই করতে পারিনি মনে হয় বুধবার ও কুষ্ণারের তরাকরনে। তাদের জুটাই মনে হয় মনোনয়নের মোয়াদ বাড়ানোর কথা ভাবতে হবে।

মনীশ জৈনকে ফের তলব সিবিআই-এর, বৃহস্পতিবার নিজাম প্যালেসে হাজিরার নির্দেশ



কলকাতা, ১৪ জুন : নিয়োগ দুর্নীতি মামলায় তফালীন শিক্ষা সচিব মণীশ জৈনকে ফের তলব করল সিবিআই। বৃহস্পতিবার, ১৫ জুন নিজাম প্যালেসে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে তাঁকে। নিয়োগ দুর্নীতিকাণ্ডে এর আগেও এক বার সিবিআই জিজ্ঞাসাবাদ করেছিল রাজ্যের এই আমলাকে। সিবিআই সূত্রে খবর, বিগত কয়েক মাসের তদন্তে মণীশের সম্পর্কে নতুন কিছু তথ্য পাওয়া গিয়েছে। সেগুলির ভিত্তিতেই জিজ্ঞাসাবাদ করা হতে পারে তাঁকে।উল্লেখ্য, নিয়োগ দুর্নীতিকাণ্ডে ধৃত রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় বহু বার প্রকাশেই দাবি করছেন যে, তিনি শিক্ষা দফতরের মন্ত্রী ছিলেন মাত্র। কিন্তু নিয়োগ সংক্রান্ত বিষয়ে তিনি কোনও সিদ্ধান্ত নিতেন না। সিবিআই সূত্রে খবর, জিজ্ঞাসাবাদের মুখে রাজ্যের প্রাক্তন মন্ত্রী তদন্তকারীদের জানিয়েছেন, তফালীন শিক্ষাসচিব তার কাছে নিয়োগ সংক্রান্ত যে ফাইল পাঠানেন, তাতে তিনি সেই করে দিতেন। কারণে নির্দেশ ফাইলে সেই করতে বলতেন মণীশ জৈন ? জানতে চাইছে সিবিআই, খবর সূত্রে।

মন-কি-বাত অনুষ্ঠানের ১০২-তম পর্ব ১৮ জুন, দেশবাসীর সুপারামর্শ চাইলেন প্রধানমন্ত্রী

নয়াদিিল্লি, ১৪ জুন : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার (১৮ জুন) মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে নিজের মনের কথা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বৈতার অনুষ্ঠানের ১০২-তম পর্ব। রবিবার বেলা ১১-১১ টায় প্রধানমন্ত্রীর মন-কি-বাত

অনুষ্ঠান সরাসরি সম্প্রচারিত হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন-কি-বাত অনুষ্ঠানে জনগণের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। তার আগে মন-কি-বাত অনুষ্ঠানের জন্য দেশবাসীর কাছে সুপারামর্শ চাইলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।১৮০০-১১-৭৮০০ নম্বরে ডায়াল করে

অথবা ‘ মাইগভ কিংবা ‘ নমো অ্যাপের মাধ্যমে সুপারামর্শ চেয়েছেন প্রধানমন্ত্রী। মন-কি-বাত অনুষ্ঠানের ১০২-তম পর্ব আগামী ১৮ জুন শোনা যাবে আকাশবাণী ও দূরদর্শনের প্রায় সবকটি প্রচার তদপ্পে বেলা ১১-টা থেকে। এছাড়াও পিএমও,

এআইআর, নিউ জ, ডি ডি নিউ জ, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। প্রধানমন্ত্রীর মনের কথা শোনার জন্য দেশবাসীও যথেষ্ট উদ্বিগ্ন থাকেন। এবার প্রধানমন্ত্রী কী বার্তা দেন, তা জানার অপেক্ষায় গোটা দেশ।

ইডি হেফাজতে কেঁদে ফেললেন তামিল মন্ত্রী সেন্থিল বালাজি ভর্তি হাসপাতালে

চেন্নাই, ১৪ জুন : অর্থ তছরুপ মামলায় তামিলনাড়ুর বিদ্যুৎ মন্ত্রী ডি সেন্থিল বালাজিকে গ্রেফতার করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। মঙ্গলবার রাতে তামিলনা্যুর এই মন্ত্রীকে গ্রেফতার করেছে ইডি। গ্রেফতার হওয়ার পরই ইডি হেফাজতে কেঁদে ফেলেন সেন্থিল, তিনি অসুস্থও হয়ে পান। এরপর তাঁকে চেন্নাইয়ের ওমানদূরার সরকারি হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালের আইসিইউ-তে


চিকিৎসাধীন রয়েছেন তিনি। তামিলনা্যুর মন্ত্রী পি কে সেকর বাবু দাবি করেছেন, বালাজিকে যে ‘নির্দানে’ করা হয়েছে তা দেখাই যাচ্ছে। মঙ্গলবার (১৩ জুন) থেকে দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর সেন্থিলকে গ্রেফতার করে ইডি। সেন্থিল বালাজিকে দেশতে হাসপাতালে যান তামিলনাড়ুর স্বাস্থ্যমন্ত্রী মা সূত্রানিয়ান এবং রাজ্যের ক্রীড়ামন্ত্রী উদ্যানিধি স্ট্যালিন। পরে উদ্যানিধি বলেছেন, সেন্থিল বালাজির

চিকিৎসা চলছে। আমরা আইনগতভাবে এটি মোকাবিলা করব। আমরা বিজেপি নেতৃস্থানীয় কেন্দ্রীয় সরকারের হুমকির রাজনীতিতে ভীত নই। তামিলনাড়ুর আইনমন্ত্রী এস রঘুপতি বলেছেন, সেন্থিল বালাজিকে টার্গেট করে নির্দানে করা হয়েছে। ইডি তাঁকে ২৪ ঘণ্টা ধরে জেরা করেছে। এটা সম্পূর্ণ মানবাধিকার বিরোধী। জনগণ ও আদালতের কাছে জবাব দিতে হবে ইডি-কে। বিজেপি অবশ্য

গোটা ঘটনাটিকে ‘নাটক’ বলে অভিহিত করেছে। তামিলনা্যুর বিজেপির সহ-সভাপতি নারায়ণ থিরুপতী বলেছেন, এটি ডিএমকে-এর একটি নাটক...ইডি জিজ্ঞাসাবাদের জন্য সেন্থিল বালাজিকে ডেকেছে, তিনি একজন মন্ত্রী, এবং তদন্তে সহযোগিতা করা তাঁর কর্তব্য...আমি মুখ্যমন্ত্রী এম কে স্ট্যালিনকে তাঁর মন্ত্রিসভা থেকে অবিলম্বে সেন্থিল বালাজিকে বরখাস্ত করার অনুরোধ করছি।

ফের ভূমিকম্প কেঁপে উঠল জম্মু-কাশ্মীর, তিনবার কাঁপল ডোডা ও একবার কিশতওয়ার

শ্রীনগর, ১৪ জুন : আবারও ভূমিকম্পে কেঁপে উঠল জম্মু ও কাশ্মীর। বুধবার ভোররাত থেকে সকাল পর্যন্ত তিনবার কেঁপে উঠল জম্মু ও কাশ্মীরের ডোডা জেলা ও একবার কেঁপে উঠল কিশতওয়ার। ডোডা জেলায় অনুভূত হওয়া ভূমিকম্পের তীব্রতা ছিল যথাক্রমে ৪.৩, ২.৮ ও ৩.৫। ডোডা জেলায় বুধবার ভোররাত ২.২০ মিনিট, ২.৪১ মিনিট ও ৭.৫৬ মিনিটে



ভূমিকম্প অনুভূত হয়।সকাল ৮.২৯ মিনিট নাগাদ ভূমিকম্প অনুভূত হয় কিশতওয়ারে, সেখানে ভূমিকম্পের তীব্রতা ছিল

‘দৌষী নই’, নথি-মামলায় কোর্টে আর্জি ডোনাল্ড ট্রাম্পের

মায়ামি, ১৪ জুন : নথি মামলায় মায়ামির একটি ফেডারেল আদালতে হাজিরা দিয়ে নিজেকে নির্দোষ বলে দাবি করলেন আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার (আমেরিকার সময় অনুযায়ী) আদালতে পৌঁছনোর পরে তাঁকে হেফাজতে নেওয়া হয়। নিউ জার্সি থেকে ব্যক্তিগত বাসনে স্থানীয় সময় দুপুর ৩টো নাগাদ মায়ামি পৌঁছেন ট্রাম্প।পরে আদালতে পৌঁছন তিনি। আদালতের বাইরে ভিড জমিয়েছিলেন তাঁর অনুগামীরা।

’বিপর্যয়’-এর প্রভাবে

নয়াদিিল্লি, ১৪ জুন : অতি শক্তিশালী ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’-এর প্রভাবে ক্রমেই উত্তাল হচ্ছে সমুদ্র, প্রশানও যথেষ্ট সতর্ক। ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’ এগিয়ে চলছে গুজরাটের দিকে, ততই গুজরাটে উত্তাল হচ্ছে সমুদ্র। বুধবার সকালে গুজরাটে ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’-এর প্রভাবে সমুদ্র উত্তাল হতে দেখা যায়, বইতে থাকে প্রবল লগে থাওয়া। মুম্বইয়েও একইধরনের আবহাওয়া ছিল, সেখানেও সমুদ্র ছিল উত্তাল।গুজরাট সরকার ইতিমধ্যেই ঘরকায় ৪০০টিও বেশি আশ্রয়কেন্দ্র চিহ্নিত করেছে। নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়েছে বহু মানুষকে।

অর্থের বৃদ্ধির পাশাপাশি খেলাধুলায় সাফল্যের ক্ষেত্রে আমাদের দেশ নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন

নয়াদিিল্লি,১৪জুনঃভারতের একজন ক্রীড়াবিদ হিসেবে নিজের যাত্রা এবং ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রথম মহিলা সভাপতি হিসেবে নিজের অভিজ্ঞতার কথা ভারতে গর্ব ও পরিপূর্ণতার অনুভূতিতে আমি অনুভূত হয়ে পড়ি। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে গত ৯ বছরে ভারতীয় ক্রীড়া জগতের অসাধারণ পরিবর্তন সত্যিই বিস্ময়কর। পরিকাঠামোর রূপান্তর ও উন্নয়ন থেকে শুরু করে সুনির্দিষ্ট প্রশিক্ষণ কর্মসূচি এবং খেলাধুলার জন্য বরাদ্দ অর্থের বৃদ্ধির পাশাপাশি খেলাধুলায় সাফল্যের ক্ষেত্রে আমাদের দেশ নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করেছে।ভারতীয় ক্রীড়া জগতের এই পরিবর্তনের সবচেয়ে উল্লেখযোগ্য দিকগুলির একটি হ’ল মহিলা ক্রীড়াবিদদের অবিশ্রাম্য পারফরমেন্স, বিশেষত যারা গ্রামীণ এবং অনগ্রসর প্রেক্ষাপট থেকে এসেছেন। অসংখ্য চ্যালেঞ্জের মুখোমুখি হওয়া সত্ত্বেও এই মহিলারা অতুলনীয় সংকল্প ও সহনশীলতার পরিচয় দিয়েছেন। অ্যাথলেটিস্‌ম, হকি, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, কুস্তি, ভারোত্তলন এবং বক্সিং - এর মধ্যে বহু খেলায় অসংখ্য আর্থিক ক্ষেত্রে অসাধারণ সাফল্য তাঁদের অদম্য চেতনা এবং অটুট নিষ্ঠার প্রমাণ।ক্রীড়াবিদদের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর ব্যক্তিগত যোগাযোগ সত্যিই অনুপ্রেরণাদায়ক। ক্রীড়াবিদদের প্রতি তাঁর সক্রিয় সমর্থন এবং তাদের কল্যাণের প্রতি প্রধানমন্ত্রীর আগ্রহ, খেলোয়াড়দের মধ্যে বিশ্বাস ও অনুপ্রেরণার এক শক্তিশালী

অনুভবের ক্ষেত্র প্রস্তুত করেছে। ক্রীড়াবিদদের সঙ্গে প্রধানমন্ত্রীর কথোপকথন, তাঁর উসাহদান এবং তাঁদের অগ্রগতির প্রতি প্রধানমন্ত্রীর তীব্র আগ্রহ, খেলোয়াড়দের মধ্যে গর্ব ও দায়িত্ববোধ জাগিয়েছে। ভারতীয় ক্রীড়াবিদদের মধ্যে আত্মবিশ্বাস এবং জয়ের মানসিকতা তৈরিতে এই ব্যক্তিগত সংযোগের ভূমিকা বিশাল।খেলাধুলার জন্য ভারত সরকারের বাজেট বরাদ্দ বৃদ্ধি আমাদের সাফল্যের এক উল্লেখযোগ্য চালিকাঁশক্তি। খেলাধুলার রূপান্তরকারী শক্তিকে শক্তি দি দিয়ে সরকার ধারা বাহ্যিকভাবে এই খাতে বরাদ্দ বৃদ্ধিকে অগ্রাধিকার দিয়েছে। এর সুবাদে উন্নত পরিকাঠামো, প্রশিক্ষণ কর্মসূচি এবং ক্রীড়াবিদদের মঙ্গলসার্থন সম্ভব হয়েছে। বর্ধিত আর্থিক সমর্থনের ফলে ক্রীড়াবিদদের আর্থিক প্রতিবন্ধকতা দূর হয়েছে, তারা খেলাধুলার প্রতি সম্পূর্ণভাবে মনোনিবেশ করতে পেরেছেন।’ ইন্ডিয়া’ উদ্যোগ দেশে ক্রীা সংস্কৃতি তে তুলতে এবং তৃণমূল স্তরে শক্তিশালী ভিত্তি স্থাপনে বিশেষ ভূমিকা পালন করেছে। এই কর্মসূচিতে তরুণ ক্রীড়াবিদদের শুধু খেলাধুলায় অংশগ্রহণ করাইেই উসাহ দেওয়া হয়নি, তাঁদের গুরুত্বপূর্ণ সহায়তা ও দিশা-নির্দেশ দেওয়া হয়েছে। আন্তঃস্কুল ও আন্তঃকলেজ প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ‘ ইন্ডিয়া’ দেশের প্রতিটি প্রান্ত থেকে লুকানো প্রতিভা খুঁজে বের করেছে। এই কর্মসূচি তরুণ ক্রীড়াবিদদের বড় মাপের স্বপ্ন দেখার বিশ্বাস দিয়েছে, খেলাধুলার প্রতি অমুরাগ জাগিয়েছে

এবং ভবিষ্যতের চ্যাম্পিয়নদের জন্য পথ সুগম করেছে।প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর চালু করা ‘ ইন্ডিয়া’ আন্দোলন দেশের শরীরিক সক্ষমতা ও সুস্থতার প্রেক্ষাপট পরিবর্তনে অনুঘটকের ভূমিকা পালন করেছে। সক্রিয় জীবনযাপনের গুরুত্বের উপর জয়ের মানসিকতা লক্ষ লক্ষ ভারতীয়কে তাঁদের স্বাস্থ্যকে অগ্রাধিকার দিতে এবং খেলাধুলাকে প্রাধান্যে তুলতে প্ররোচিত করেছে। সুস্থতা ও শারীরিক সক্ষমতার এই দেশের এই আগ্রহ সরাসরি প্রতিফলিত হয়েছে আমাদের ক্রীড়াবিদদের সাফল্যে, কারণ শারীরিক সক্ষমতাই খেলাধুলায় শ্রেষ্ঠত্বের ভিত্তি।ভারতীয় ক্রীাকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ উদ্যোগগুলির মধ্যে একটি হ’ল - টার্গেট অলিম্পিক পোডিয়াম স্কিম (টপস)। টপস - এর বাস্তবায়ন সম্পূর্ণ চিত্রা বদলে দিয়েছে। এর মাধ্যমে চিত্রার সেরা ক্রীড়া প্রতিভাদের চিহ্নিত করে প্রমি্ষ্কিত করা হচ্ছে। এই প্রকল্পে ক্রীড়াবিদরা বিশ্বমানের বিশেষজ্ঞ প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা পাচ্ছেন, যা তাঁদের বিশ্বস্তরে শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য প্রয়োজনীয় সরবরকমের সংস্থান যোগাচ্ছে। স্বতন্ত্র মনোযোগ এবং ব্যক্তিগত চাহিদা নির্ভর প্রশিক্ষণ কর্মসূচি আমাদের ক্রীড়াবিদদের ব্যক্তিগতী পারফরমেন্সের পিছনে অন্যতম প্রধান ভূমিকা পালন করছে।এছাড়াও, ন্যাশনাল সেটার অফ এক্সপেলস (এনসিওই)-র প্রতিভা ভারতের ক্রীড়াঙ্গণে প্রেরণিক পরিবর্তন এনেছে। এই কেন্দ্রগুলিতে অত্যাধুনিক পরিকাঠামো, সর্বাধুনিক

প্রশিক্ষণের সুবিধা এবং শীর্ষস্থানীয় প্রশিক্ষক ও সহায়ক কর্মীদের সুবিধা পাওয়া যায়। এগুলি এমন সব উর্কর্ষ কেন্দ্রে পরিণত হয়েছে, যেখানে খেলোয়াড়রা বিশ্বমানের সঙ্গে পরিচিত হন এবং বিশ্বমানের প্রশিক্ষণ লাভ করেন। নিজেদের সম্ভাবনার পূর্ণ সদ্ব্যবহার ও বিকাশে এই কেন্দ্রগুলি বিশেষ সহায়ক।খেলাধুলার প্রতি প্রধানমন্ত্রীর অপর মনোযোগ এবং ক্রীা উন্নয়নের প্রতি সরকারের সামগ্রিক দৃষ্টিভঙ্গির সুবাদে ভারত আন্তর্জাতিকে ক্রীা ক্ষেত্রে অতৃতপূর্ব সাফল্য অর্জন করেছে। অলিম্পিক, এশিয়ান গেমস, কমনওয়েলথ গেমস, বিশ্ব চ্যাম্পিয়ন শিপ - সব ক্ষেত্রেই তারা নতুন উচ্চতা অতিক্রম করে পদক জিতে রেকর্ড স্থাপন করেছে। ভারতীয় ক্রীার সমাদর এখন বিশ্ব জুে, আমাদের ক্রীড়াবিদদের এখন সত্যিকারের চ্যাম্পিয়ন হিসেবে দেখা হয়।খেলাধুলা যে আর্থ-সামাজিক উন্নয়নের এক শক্তিশালী হস্তিয়ার, তা আমি বরাবরই দুঃভাবের বিশ্বাস করি। যুবমানুষ খেলাধুলার প্রতি আকর্ষিত হলে তাঁদের শারীরিক স্বাস্থ্যের উন্নতি ও চরিত্র গঠন হবে, এর জেরে সামাজিক সংস্কার ও মানবিক মূল্যবোধের উল্লেখযোগ্য বৃদ্ধি হবে। ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশন এবং ৯ বছর পূর্ণ হওয়া মোদী সরকার, ক্রীড়া ক্ষেত্রে উন্নয়নে একযোগে কাজ করছে। একটি দেশ হিসেবে আমরা যাতে অলিম্পিকের মহান আদর্শ ‘ অলটিমাস ফিটিয়াস্‌’ অর্থাৎ উচ্চতর উচ্চতর ও শক্তিশালী হতে পারি, তা সুনিশ্চিত করাই আমাদের লক্ষ্য।

বিহারে ১৬ জুন মন্ত্রিসভার সম্প্রসারণ

পাটনা, ১৪ জুন : বিহারে আগামী ১৬ জুন সম্প্রসারিত হবে মন্ত্রিসভা। বুধবার সরকারি সূত্রে এমনটাই জানা গিয়েছে। মঙ্গলবারই বিহারের মন্ত্রিসভা থেকে ইন্তুলা দেন হিন্দুস্তানি আওয়াম মোর্চার নেতা তথা বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী জিতেনরাম মানবির ছেলে সন্তোষ কুমার সুমন। এরপরই সিদ্ধান্ত হয়েছে আগামী ১৬ জুন হবে মন্ত্রিসভার সম্প্রসারণ।এদিকে, জিতেনরাম সম্পর্কে বুধবার কিছুই বললেন না বিহারের উপ-মুখ্যমন্ত্রী তেজস্বী যাদব। তিনি এদিন বিশ্ব রক্তদান দিবস উপলক্ষ্যে রক্তদান করেন। পরে বলেন, তিনি আমার সিনিয়র, যা ইচ্ছে বলতে পারেন। আমরা তাঁকে শ্রদ্ধা করি, কিন্তু সবাই জানেন রাজ্যের উন্নয়নের জন্য আমাদের সরকার কী কাজ করেছে।

সিকিম ভ্রমণ শেষে বাড়ি ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যু হল দুই ব্যবসায়ীর

গঙ্গারামপুর,(দক্ষিণদিনাজপুর)ঃসিকিম ভ্রমণ শেষে বাড়ি ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যু হল দুই ব্যবসায়ীর, আহত আরও চার দক্ষিণ দিনাজপুরঃপাহাড় ভ্রমণ সেরে বাড়ি ফেরার পথে গঙ্গারামপুরে পথ দুর্ঘটনায় মৃত্যু হলো বালুরঘাটের দুই ব্যবসায়ীরা। ঘটনায় আহত আরো চার যাত্রী। গভীর রাতে গঙ্গারামপুর থানার ন্যাড়ই এলাকায় হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে ব্যক্তিগত গাড়িটি সজোরে ধাক্কা মারে রাস্তার পাশের একটি গাছে। ঘটনায় মৃত্যু হয় গাড়ির সামনে বসে থাকা দুই ব্যক্তির। ঘটনায় আহত হয় গারির পেছনের সিটে বসে থাকা আরো চারজন। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় গঙ্গারামপুর থানার পুলিশ। দুর্ঘটনার জেরে আহত ও মৃতদেহ উদ্ধার করে গঙ্গারামপুর মহকুমা হাসপাতালে পাঠায় পুলিশ।পুলিশ সূত্রে জানাযায়, মৃত দুই ব্যক্তি বালুরঘাট শহরের বাসিন্দা। দুজনেই ব্যবসায়ী ছিলেন বলে খবর। মৃত এক ব্যবসায়ীর প্রশান্ত সুব্রধর (৪০) পেশায় তিনি স্বর্ণ ব্যবসায়ী ও অপর জনের নাম সুবীর গুহ (৪৫) পেশায় তিনি কাটারিং ব্যবসা করেন বলে জানা গিয়েছে।পরিবার সূত্রে খবর, গত শুক্রবার বালুরঘাটের দুই ব্যবসায়ী প্রসান্ত সুব্রধর ও সুবীর গুহ সপরিবারে পাহাড়ে ঘুরতে গিয়েছিলেন। সোমবার রাত্রে পাহাড় যোরা শেষে তারা বাড়ি ফিরছিলেন নিজেরই গাড়ি করে। বাড়ি ফেরার পথে হঠা গঙ্গারামপুর থানার নাই এলাকায় হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে থাকা গাছের সজরে ধাক্কা লাগে তাদের গাড়ি।রাধটাস্থলেই মৃত্যু হয় গাড়ির সামনে বসে থাকা দুই ব্যবসায়ী প্রসান্ত সুব্রধর ও সুবীর গুহরা। আহত হয় গাটিতে বসে থাকা আরো চারজন। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় গঙ্গারামপুর থানার পুলিশ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে গঙ্গারামপুর সুপারস্পেসপ্যালিটি হাসপাতালে পাঠায়।দুর্ঘটনায় পর গঙ্গারামপুর থানার পুলিশ আহদের উদ্ধার করে গঙ্গারামপুর সুপারস্পেসপ্যালিটি হাসপাতালে পাঠায় চিকিৎসার জন্য। পরবর্তীতে আহতদের অবস্থার অবনতি হলে পরবর্তী চিকিাসার জন্য আহতদের মধ্যে দুইজনকে শিলিগুড়ি, একজনকে রায়গঞ্জ ও একজনকে কলকাতা স্থানান্তরিত করা হয়।অপর দিকে গঙ্গারামপুর থানার পুলিশ মৃতদের উদ্ধার করে গঙ্গারামপুর হাসপাতালে নিয়ে যায়। পরবর্তীতে গঙ্গারামপুর থানার নিয়ে আসে। ও তার পর মৃতদেহ ময়নাতত্ত্বের জন্য বালুরঘাট সদর হাসপাতালের পুলিশ মর্গে পাঠায় পুলিশ। তদন্তে গাাটিকে আটক করে পুরো ঘটনার তদন্ত শুরু করেছে গঙ্গারামপুর থানার পুলিশ।

শামুক খোল পাখি উদ্ধার



অভিজি হাজরা, জগবল্লভপুর, হাওড়া:গ্রামীণ হাওড়া জেলার জগবল্লভপুর ব্লকের মাজু পাবলিক লাইব্রেরির পিছনে পুকুরের জালে আটকানো বড় শামুকখোল পাখি জাল থেকে ছাড়িয়ে নিজের বাড়িতে নিয়ে আসে তাপস শামুকখোল। তাপস একটি কিশোর।জানা যায় এটি এশীয় শামুকখোলা (বেঙ্গলানিক নাম(Anastomus oscitans), শামুকখোল বা শামুকভাড়া যা জলাভূমির অন্যতম গুরুত্বপূর্ণ একটি পাখি।হাওড়া জেলা যৌথ পরিবেশ মন্ত্রণে মাজু সাব ইউনিটের পক্ষ থেকে ঘণ্টাখানেক পরে বদগুণ্ডের কর্মীরা গিয়ে পাখিটিকে উদ্ধার করেন।পাখির তনায় রক্ত রেরোচ্ছিল ও পায়ে সামান্য ক্ষত আখে।পাখিটিকে সুস্থ করে ছেড়ে দেওয়া হবে। মন্ত্রণের সম্পাদক বল্লভ-পুকুরের জালে বিভিন্ন ধরনের পাখির মৃত্যু একটি নিত্যদিনের ঘটনা হয়ে দাঁড়াচ্ছে। যা স্থানীয় জীববৈচিত্র্যের জন্যে খুবই বিপদজনক ঘটনা।জেলাতে বিভিন্ন পুকুর ও জলাতে এই অসংখ্য জাল লাগানোর ঘটনা কে এখনই আইনী পদ্ধতিতে বন্ধ অথবা বিকল্প পথের ব্যবস্থা না করা হলে ভবিষ্যতে জীববৈচিত্র্যের বিনাশ অবশ্যম্ভাবী ।

নাইজেরিয়ায় নাইজার নদীতে ডুবে গেল নৌকা, মৃত্যু শতাধিক মানুষের

আবুজা, ১৪ জুন :আফ্রিকার দেশ নাইজেরিয়ায় বিয়ের যাত্রীবাহী নৌকা ডুবিতে অন্তত ১০৩ জনের মৃত্যু হয়েছে। বিয়ে শেষে বরযাত্রীদের নিয়ে ফেরার পথে নৌকাটি নাইজার নদীতে ডুবে যায়। উত্তর-মধ্যাঞ্চলের কাওয়ারা বিভাগে মঙ্গলবার (১৩ জুন) এই ভয়াবহ নেড়লবের দুর্ঘটনা ঘটে। কিভাবে এই দুর্ঘটনা ঘটল সেটি এখনও পুরোপুরি জানা যায়নি।স্থানীয় পুলিশ ও গভর্নরের অফিস থেকে হতাহতের অফিস জানিয়েছে, ডুবে যাওয়া

নৌকাটি কাওয়ায়ার পাশের রাজ্য নাইজার থেকে বিয়ের যাত্রীদের নিয়ে নদী পার হচ্ছিল। তখনই এটি ডুবে যায়। কাওয়ারা রাজ্য পুলিশের মুখপাত্র ওকসানমি আজাই জানান, ‘ পর্যন্ত ১০৩ জনের মৃত্যু হয়েছে এবং ১০০ জনেরও বেশি মানুষকে উদ্ধার করা হয়েছে। উদ্ধার অভিযান এখনও চলছে। তার মানে মৃতের সংখ্যা বাড়বে।’ কাওয়ারা রাজ্য গভর্নরের অফিস থেকে হতাহতের ব্যাপারে কিছু জানানো হয়নি।

ভারতীয় সেনায় পাকিস্তানি নাগরিক, অবিলম্বে সিআইডি তদন্তের নির্দেশ

কলকাতা, ১৪ জুনঃভারতীয় সেনায় পাকিস্তানি নাগরিক। আইএসআই ভারতীয় সেনায় লোক ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করছে বলে আশঙ্কাপ্রকাশ। ২ পাক নাগরিক এই মুহূর্তে ব্যারাকপুরে সেনা শিবিরে কাজ করছে বলে মামলা গতক মঙ্গলবার অভিযোগ করা হয়েছে। অবিলম্বে সিআইডি-কে এই অভিযোগ গ্রহণের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।বিচারপতি রাঙ্ককুমার মাঝা মন্তব্য করেন, মারাত্মক অভিযোগ, দেশের নিরাপত্তা বিধ্বিত করার অভিযোগ’’। সিবিআই, জিওসি ইস্টার্ন কমান্ড ও মিলিটারি পুলিশকে মামলায় পক্ষ করাল নির্দেশ দেওয়া হয়েছে। সিআইডি-র কাছ থেকে প্রাথমিক রিপোর্ট তলব করা হয়েছে।অভিযোগ, রাজ্যের পুলিশ, ভিন রাজ্যের পুলিশ, সেনাতে কর্মরত আধিকারিক ও প্রভাবশালী ব্যক্তির। এই ঘটনার সঙ্গে যুক্ত আছে বলে অভিযোগ। একাধিক প্রশাসনিক আধিকারিক জাল আবাসিক স্থাপন করছে, জতিগত শংসাপত্র বাতিলে সহযোগিতা করছেন। থানা ও পুরসভার মাধ্যমে এই দুর্নীতি চলছে বলে অভিযোগ।

দুরন্ত বার্তা
পূর্ণাঙ্গ পঙ্ক্তিকা
কলকাতা,১৫জুন বুধবার, ৩০ জ্যৈষ্ঠ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১৫জুনঃ ২০২৩, ৫৩৬ চৈতন্যক, কলিঃ৫১২৩, সৌরঃ ৩১ জ্যৈষ্ঠ মাস, চান্দ ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ৩১ জ্যৈষ্ঠ মাস ১৪৩০, ভারতীয় সিলিঃ৩০ জ্যৈষ্ঠ ১৯৪৪, মৈতেেঃ১১ শজিব, আনামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থানঃ (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অন্তঃরাাত্রি ১২ঃ১৬ঃ ৫০(৮)।শুক্ল পক্ষ তিথিঃ১ঃ৩৬ী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৭৬৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বস্করণঃবহিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ১১ দং ৭৬৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅভিজৎ অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৬ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩০ঃ থেকে - ০২ঃ৩২ঃ১৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩৮ পর্যন্ত।কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪৫ঃ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ২৫ঃ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ৪৪ঃ২২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহচক্ৰ(সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ৪৪ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৬৯ (২৬) ২ পদবৃহঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪
আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫.৪ডিগ্রী সেলসিয়াস ও (৯৫) সর্বনিম্ন ২৬.০২এক্সিী সেল্টিগ্রেড ও (১১) দিনের বেলায়। আশ্চিক্কি আর্দ্রতা হবে ৯৫শতকরা এবং ৫১শতকরা। বৃষ্টি হয়েছে বুধবার। জোয়ার-সঞ্চল ১০ টি ২০ মিনিট এর ব্যৱতা ০৩২ ০২মিনিট হবে। ভৌত-সঞ্চল-১০টা ২০মিনিট। রাতে-১০টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৭মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১৬ মিনিটে।

রাশিফল
মেঘরাশিঃ কাজের জায়গায় বরিস্তরের থেকে চাপ এবং ঘরে মতভেদ কিংচাপ আনতে পারেন- যা আপনাকে কাজে মনোনিবেশ করতে উপব্র করবে। শুভদিন বৃষভ রাশিঃ জটিল পরিস্থিতিতে ঘাবড়ে যাবেন না। শুভদিন হবে মিথুন রাশিঃ কোন বন্ধু আপনার মূল্য মানসিকতা এবং খ্যাশ্যকির পরীক্ষা নিতে পারে। শুভদিন। কর্কট রাশিঃ সামাজিক জীবনের থেকে স্বাভা অগ্রাধিকার দেওয়া উচিত। বিবাহের যোগ হবে। সিংহ রাশিঃ মনে হচ্ছে দিনমো- যিহেটোরে সন্ধ্যাপান বা আপনার স্বামী বা স্ত্রীর সাথে সান্ন্যভোজ আপনাকে এক আয়েসী এবং কমপ্রদ মেজাজে রাখবে। কন্যা রাশিঃ বন্ধুত্ব প্রগাঢ় হওয়ার সাথে সাথে আপনার পথে প্রেম আসবে। কোন নতুন প্রকল্প নেওয়ার আগে দুরার তাকুন। তুলা রাশিঃ স্বাস্থ্যের দিকে নজর দেওয়া প্রয়োজন। আজ জমি বা যে কোনও সম্পত্তিতে বিনিয়োগ আপনার জন্য মারাত্মক হতে পারে। সন্সারে শান্তি ফিরবে। বৃশ্চিক রাশিঃ আপনার স্বয়ং লালিত স্বপ্ন সত্যে পরিণত হবে। ধনু রাশিঃ আপনার সন্ধ্যা মিশ্র উভেজা মিশ্রিত হবে যা আপনাকে উত্তেজিত রাখবে। কিন্তু বেশি চিন্তা করার কোন প্রয়োজন নেই- কারণ আপনার সুখ আপনাকে হতাশার চেয়ে বেশি আনন্দ দেবে। মকর রাশিঃ এমন একটি দিন যখানে আপনি আরাম করতে সমর্থ হবেন। আপনাদের পেশাগুলিকে আরাম দিতে ভেল দিয়ে আপনার শরীর মালিশ করুন। পরিশ্রম আপনাকে কাজে মনোনিবেশ করবে। কুম্ভ রাশিঃ বন্ধুরা বিবাহকে কোন বিশেষ ব্যক্তির সাথে আলাপ করাবে যিনি আপনার চিন্তায় লক্ষণীয় প্রভাব ফেলবেন। মীন রাশিঃ একটু আই শরীরচর্চা দিয়ে আপনার দিন শুরু করুন- এই সময়ে আপনি নিজেকে নিয়ে ভালো বোধ করতে শুরু করবেন- এটিকে প্রতিদিনের অঙ্গ বানিয়ে ফেলুন এবং এটিতে লেগে থাকার চেষ্টা করুন। বিবাহের যোগ

ডেপুটেশনকে কেন্দ্র করে উত্তরপাড়া পুরসভা উত্তপ্ত

দূরন্ত বার্তা, উত্তরপাড়া,১৪ জুন : বিজেপির ডেপুটেশন কর্মসূচি ঘিরে উত্তপ্ত উত্তরপাড়া পৌরসভা। স্থানীয় সূত্রে খবর, বিজেপি উত্তরপাড়া মণ্ডলের পক্ষ থেকে বেআইনি নির্মাণ, অবৈধ জঞ্জাল কর, অবৈধভাবে সরকারি জমি দখল করে বেআইনি নির্মাণের বিরুদ্ধে ডেপুটেশন কর্মসূচি ছিল বুধবার। ডেপুটেশন কর্মসূচিকে ঘিরে উত্তপ্ত হয়ে ওঠে হুগলির উত্তরপাড়া পৌরসভা। বুধবার উত্তরপাড়া বিজেপি মণ্ডলের পক্ষ থেকে বেআইনি নির্মাণ, অবৈধ জঞ্জাল কর ও অবৈধভাবে সরকারি জমি দখল এই নিয়ে ডেপুটেশন দিতে আসে উত্তরপাড়া পৌরসভায়া। সেই সময়ে দুই পক্ষের মধ্যে উত্তপ্ত বাস্তব নিম্নম্নয়ের মধ্যে শুরু হয়ে যায় বচসা। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে আসতে হয় উত্তরপাড়া থানার পুলিশকে।

দু’টি গাড়ির সংঘর্ষে দুর্ঘটনা, আহত উভয় বাহনের চালক

দূরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন : কলকাতায় ফের দুর্ঘটনা! বুধবার ভোরের আলোে ফুটতেই মহানগরীতে পথ দুর্ঘটনা। এজেন্সি বোস ফ্লাইওভার থেকে পার্ক সার্কাস সেভেন পয়েন্ট ক্রসিংয়ে ঢোকার সময়ে দু’টি গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়। দুর্ঘটনায় দুই গাড়ির চালকই আহত হয়েছেন। চিকিৎসার জন্য দু’জনকেই হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পুলিশ জানিয়েছে, দুর্ঘটনাগ্রস্ত দু’টি গাড়ির একটিতে সেনার বোর্ড লাগানো ছিল। দুর্ঘটনাগ্রস্ত আরেকটি গাড়ি হল অ্যাপ ক্যাব। প্রত্যক্ষদর্শীর জানিয়েছেন, অ্যাপ ক্যাবটি আচমকা ভুল দিকে ঢুকে পড়ায়, মুখোমুখি সংঘর্ষের কবলে পড়ে দু’টি গাড়ি। দুর্ঘটনাগ্রস্ত দুটি গাড়িকেই আটক করেছে পুলিশ। আহতদের হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

ফুরফুরা পঞ্চায়েতে জোট বন্ধ আই এস এফ এবং বাম

রবিন মন্ডল, হুগলি, ১৪ জুন : ফুরফুরা পঞ্চায়েতে জোট বন্ধ আই এস এফ এবং বাম। ইতি মধ্যেই নিজেদের মধ্যে আসন ভাগাভাগি করে মনোনয়নও জমা দিয়েছে দুই শিবির। জাদিপাড়া বিধান সভার শুধু ফুরফুরা নয় আরো দুটি পঞ্চায়েত মণ্ডুলিকা এবং কোতাল পুর পঞ্চায়েতে জোট বন্ধ হয়েছে আই এস এফ এবং বাম। তবে ফুরফুরা পঞ্চায়েতে বাম আই এস এফের জোট রাজ্য রাজনীতিতে অনেকটা গুরুত্ব পূর্ণ কারণ একদিকে ভাঙনের বিধায়ক তথা আই এস এফ চেয়ারম্যান নওশাদ সিদ্দিকী এই ফুরফুরা শরীফের পীরজাদা অন্যদিকে বাংলার সংখ্যালঘু ভোট কোন দিকে যাবে তা অনেকটাই নির্ভর করে ফুরফুরা শরীফের অলিখিত নির্দেশ। অন্যদিকে নওশাদ সিদ্দিকী দিকে দিকে পঞ্চায়েত ভোটো ভাঙর মডেল হবে বলে জানিয়েছেন। তবে কি ফুরফুরা দিয়েই তা শুরু হলো সেটা বোঝা যাচ্ছে নির্বাচনের ফল প্রকাশের পর। তবে ফুরফুরায় বাম এবং আই এস এফের জোটের ফলে শাসক শিবির অনেকেই ব্যাকফুটে বলে মনে করছে রাজনৈতিক মহল। ৭৮ সাল থেকে ১৬ সাল পর্যন্ত বামদের দখলে ছিল এই পঞ্চায়েত। ১১ সালে রাজ্যে পালা বদলের পর পঞ্চায়েতে নির্বাচন হয় ১৩ সালে আর সেই নির্বাচনে ফুরফুরা পঞ্চায়েতে ক্ষমতা ধরে রাখে বাম শিবির। ১৬ সালে বিধান সভা ভোটের পর পঞ্চায়েত দখল করে তৃণমূল।অন্যদিকে ১৮ সালের পঞ্চায়েত নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয় লাভ করে তারা। তবে এবারের পঞ্চায়েত নির্বাচনে তৃণমূল এই পঞ্চায়েতে ক্ষমতা ধরে রাখতে পারবে কিনা তা নিয়ে সংশয় আছে। ফুরফুরা পঞ্চায়েত তৃণমূলের হাত ছাড়া হতে পারে বলে মনে করছে রাজনৈতিক মহল। যদিও বাম এবং আই এস এফের এই জোট কে পাত্তাই দিতে চাইছে না শাসক শিবির।



বুধবার দক্ষিণ ২৪পরগনা জেলার বিদায়ী সভাপতিত শামীমা শেখ নমিনেশন জমা করলেন। নিজস্ব চিত্র।

ধর্মতলায় বেপরোয়া বাস চালকের দৌরাত্ম্য! রেযারেষির জেরে দুর্ঘটনা

দূরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন : শহরে ফের বেপরোয়া বাস চালকের দৌরাত্ম্য। একই রুটের দু’টি বাসের রেযারেষির জেরে ঘটল দুর্ঘটনা। বুধবার সকালে দুর্ঘটনা ঘটেছে কলকাতার প্রাকৈন্ড্র ধর্মতলায়। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, ২০৫এ রুটের বাঁশদেগী থেকে বাবুঘাটমুখী দু’টি বাস নিজেদের মধ্যে রেযারেষি করছিল। একটি বাস রানি রাসমনি অ্যাভিনিউতে নিয়ন্ত্রণ হারিয়ে প্রথমে ডিভাইডারে ধাক্কা মারে। ডিভাইডার ভেঙে সোজা পাশের লেনে উঠে যায় বাসটি। শেষ পর্যন্ত একটি গুমটিতে ধাক্কা মেরে তার ভিতরে ঢুকে যায়। দুর্ঘটনাগ্রস্ত বাসটিকে আটক করেছে পুলিশ। বাস চালক পলাতক। রেযারেষি করা আরেকটি বাসও পলাতক। পুলিশ মামলা রুজু করেছে এবং তদন্ত শুরু হয়েছে। পুলিশ সূত্রে খবর, দুর্ঘটনার জেরে কেউ হতাহত হননি। তবে ফুটপাথ, রেলিং এবং বাসের ক্ষতি হয়েছে। রাস্তারও কিছুটা অংশ ভেঙে গিয়েছে। হেয়ার স্ট্রিট থানার পুলিশ বাসটিকে আটক করে নিয়ে গিয়েছে।

দল ছাড়লেন তৃণমূলের আরামবাগের পঞ্চায়েত সমিতির নেত্রী ছন্দা বাগ

দূরন্ত বার্তা, , আরামবাগ, ১৪ জুন : পঞ্চায়েত ভোটের মনোনয়ন জমা দেওয়ার প্রক্রিয়া চলার মধ্যেই তৃণমূল ছাড়ার সিদ্ধান্ত পঞ্চায়েত সমিতির সভাপতিরা। আরামবাগের তৃণমূল নেত্রী ছন্দা বাগ দলেরই একাংশের বিরুদ্ধে অসহযোগিতার অভিযোগ তুলে বুধবার এই সিদ্ধান্তের কথা জানান। তাঁর মতো দাপট নেত্রী হটাৎ দল ছাড়ার কথা জানানোয় প্রচন্ড অস্বস্তিতে পড়েছে তৃণমূলের জেলা নেতৃত্ব। ২০১৮ সালের পঞ্চায়েত ভোটো জিতে আরামবাগ পঞ্চায়েত সমিতির সভাপতি হয়েছিলেন ছন্দা বাগ। তার আগে ২০১৬ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত পাঁচ বছর তিনি আরামবাগ থেকে জেলা পরিষদের সদস্য ছিলেন। ছন্দা বাগের অভিযোগ, জেলা পরিষদের সদস্য থাকাকালীন তিনি যথেষ্ট পরিমাণে মানুষের জন্য কাজ করতে পেরেছিলেন। কিন্তু গত পাঁচ বছর নামকেওয়াতে পঞ্চায়েত সমিতিতে সভাপতি ছিলেন। দলেরই একাংশের চক্রান্তে তিনি সাধারণ মানুষের জন্য এই পাঁচ বছরে কোনও কাজ করতে পারেননি বলে অভিযোগ করেন। এটাকেই দল ছাড়ার মূল কারণ বলে জানান ওই তৃণমূল নেত্রী।

হাওড়ায় জেলা পরিষদের আসনে বুধবার নমিনেশন জমা দিলেন তৃণমূল যুব নেতা তুষার কান্তি ঘোষ

কর্মসূচিতে মানুষের জনপ্রা়বন দেখাে সেখানে যদি কেউ সন্ত্রাসের অভিযোগ তোলেন তাহলে সেটা



ফেঁক কথা। প্রথমবার জেলা পরিষদের প্রার্থী হিসেবে দাঁড়াছি। মমতা বন্দ্যোপাধ্যায়ের ৬৭টা

পশ্চিমবঙ্গে আর্থিক দুর্নীতির যে অভিযোগ তুলেছেন প্রধানমন্ত্রী, ‘রেট চার্ট’ নিয়ে সেই মন্তব্যে সায় দিলীপের

দূরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন : প্রধানমন্ত্রীর কাছে পশ্চিমবঙ্গের রেট চার্টের খবর নিশ্চয়ই আছে তদন্ত চলছে। সবাই জেনে গেছে! সেটাই উনি বলেছেন। এটা দুর্ভাগের। তৃণমূলের নাম না করে পশ্চিমবঙ্গে

বিভিন্ন স্থানে আর্থিক দুর্নীতির যে অভিযোগ তুলেছেন নরেন্দ্র মোদি, সেই বক্তব্যকে এভাবেই সমর্থন করলেন বিজেপির সর্বভারতীয় সহ সভাপতি দিলীপ ঘোষ।

বুধবার ইকোপার্ক থেকে প্রশ্নের উত্তরে তিনি সাংবাদিকদের বললেন, পশ্চিমবঙ্গের প্রতিটি পরিবার হাড়েহাড়ে টের পাচ্ছে রেট চার্ট কি? স্কুলের চাকরির জন্য রেট বাধা আছে।

কোঅপারেটিভ চাকরির জন্য রেট বাঁধা আছে। পরিবহন বলুন পুলিশ বলুন সব জায়গায় রেট বাঁধা আছে। এর বাইরে চাকরি হয় না। তাই মানুষ চোখ বন্ধ করে টাকা দিয়ে চলেয়ে। এর আগে এসএসসি চেয়ারম্যান বলেছেন ৬৮ হাজার লোকের কাছ থেকে স্কুলের চাকরির জন্য টাকা নেওয়া হয়েছে। কুড়ি হাজার লোকও চাকরি পায় নি। ১৮ হাজার লোক চাকরি পেয়েছে। প্রসঙ্গত মঙ্গলবার পশ্চিমবঙ্গের চাকরি দুর্নীতি নিয়ে মুখ খোলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেশের ৭৭ হাজার কর্মপ্রার্থীর

প্রধানমন্ত্রী। তবে মোদী সবচেয়ে বেশি

আক্রমণাত্মক ছিলেন বাংলা নিয়েই। প্রধানমন্ত্রী বলেন, “আমি সংবাদ মাধ্যম থেকে জেনেছি এনফোর্সমেন্ট ডিরেক্টরের তদন্তে নমেনে জেনেছে বাংলায় দল অসুযায়ী টাকার অঙ্ক স্থির করা আছে।” প্রধানমন্ত্রী শিক্ষক এবং পুরসভার কর্মী নিয়েগে দুর্নীতির কথা আলাদা করে উল্লেখ করেন। এখনও পর্যন্ত বিজেপি এগিয়ে আছে। এবং সব জায়গায় মনোনয়ন দেওয়ার জন্য প্রস্তুতি নিয়েছি আমরা। পঞ্চায়েত ভোটো বিজেপির মনোনয়নে এভাবেই আশাবাদের কথা জানালেন

হাওড়ার গোলাবাড়ি পুলিশের বিশেষ অভিযান, প্রায় ৫ কোটি টাকা মূল্যের মাদক উদ্ধার

দূরন্ত বার্তা, হাওড়া, ১৪ জুন : হাওড়ার গোলাবাড়ি পুলিশের বিশেষ অভিযান। প্রায় ৫ কোটি টাকা মূল্যের মাদক উদ্ধার জনৈকা মহিলার কাছ থেকে। মঙ্গলবার রাতে হেরোইন সহ প্রেশ্তার হন ওই মহিলা। মঙ্গলবার রাত সাড়ে ৮টা নাগাদ গোলাবাড়ি থানা এলাকার কিংগস রোডে অভিযান চালিয়ে ওই মহিলাকে ধরা হয়। ধৃতকে বুধবার হাওড়া আদালতে তোলা হয়। পুলিশ জানিয়েছে, ৫ দিনের পুলিশ হেফাজতের আবেদন জানিয়ে ধৃতকে এদিন আদালতে তোলা হয়। ধৃতের বিরুদ্ধে জামিন অযোগ্য মাদক আইনের একাধিক ধারায় মামলা দায়ের করেছে পুলিশ। পুলিশ সূত্রে খবর, ধৃত মহিলার নাম নু মু শেখ (৫৭)। তার বাড়ি ক্যানিং এর জীবনতলায়। ধৃতের কাছ থেকে ১,৬৩০ গ্রাম হেরোইন বাজয়াপ্ত করা হয়েছে। যার বাজার মূল্য প্রায় সাড়ে ৫ কোটি টাকা। গোপন সূত্রে খবর পেয়ে গোলাবাড়ি থানার

সাপ্লাই দিতে যাবার সময পুলিশের কাছে হাতেনাতে ধরা পড়েন। কিন্তু প্রশ্ন এই হেরোইন পাচারের মূল পান্ডা কে ? কার কাছেই বা ওই

ভোট পূর্ববতী হিংসার কথা জানাতে নবান্নে নওশাদ

সুমিত পালিত, হাওড়া,১৪ জুন : পঞ্চায়েত ভোটো দিন যত এগিয়ে আসছে রাজ্যে অশান্তিও যেন তাল দিয়ে আরও বেড়ে যাচ্ছে। গত দুইদিন ধরে অশান্তির শীর্ষে সংবাদ শিরোনামে যে নামটি ঘোরায়ুধি করছে তা হলো উত্তর ২৪পরগনার ভাঙড়। গত কাল সেখানে টঙ্কু এর নমিনেশন জমা দেওয়াকে কেন্দ্র করে চরমে ওঠে অশান্তি, চলে গুলি,পরে বোমো! সেই নিয়েই আজ মুখ্যমন্ত্রীর সাথে দেখা করতে নবান্নে সেলেন টঙ্কুবিধায় নওশাদ সিদ্দিকী। উদ্দেশ্য ছিল মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করাই। তবে সূত্রের

খবর, নবান্নে গিয়েও মুখ্যমন্ত্রীর দেখা সেলেন না নওশাদ। এই মুহূর্তে উত্তাল ভাঙড়। মঙ্গলবার আইএসএফের মনোনয়ন পত্র জমা দেওয়া ঘিরে উত্তপ্ত হয়ে উঠেছিল ভাঙড়ের সেলার মাঠ। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ যায় ঘটনাস্থলে। অভিযোগ ওঠে পুলিশকে লক্ষ্য করে বোমাবাজি করা হয় সেখানে। এই পরিস্থিতিতে আজ আচমকা নবান্নে পৌঁছন আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকি। বুধবার বেলা ৬টা নাগাদ তিনি নবান্নে পৌঁছন। পঞ্চায়েত ভোট পূর্ববতী পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলতেই

ঘর্মান্ত্র গরম ও আর্দ্রতায় অস্বস্তিতে তিলোত্তমা

দূরন্ত বার্তা, কলকাতা, ১৬ জুন : বৃষ্টি হওয়া সত্ত্বেও, ঘর্মান্ত্র গরম ও আর্দ্রতাজনিত অস্বস্তি কাটছেই না। বৃষ্টি থামতেই ফিরছে গুমোটভাবে, ক্লাস্ত হয়ে উঠছে তিলোত্তমা। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় একইরকম পরিস্থিতি। আগামী শনিবার পর্যন্ত পুকলিয়া, ঝাড়গ্রাম,

পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান এবং পূর্ব বর্ধমানে তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে। তত দিন বৃষ্টির কোনও সম্ভাবনা নেই। দক্ষিণবঙ্গের জেলাগুলির মধ্যে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের কিছু এলাকায় ঝড়বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

বাতাবরণ হবেও না। এখনও পর্যন্ত কোনও বিরোধীরা হাওড়ায় নমিনেশন নিয়ে অভিযোগ করেনি। শুধু হাওড়া নয়, সারা পশ্চিমবঙ্গে অশান্তি হয়না। মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের জোয়ার দেখে অন্য দলে প্রার্থীরা মনোনয়নে দিতে চাইছেন না। অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের আরেক নবাবতা প্রার্থী পিয়ালি পল্লব বিশ্বাস বলেন, আমি খুবই এজাইটেডো দেখা যাক কতটা মানুষের ভালবাসা পাই। হাওড়ার ডোমজুড়ের সলপ ২নং অঞ্চলের ৪৮নং বুথে আমি প্রার্থী হয়েছি। আগে পঞ্চায়েতে যে কাজগুলো বাগি রয়েছে বা কাজ হয়নি সেগুলো যতটা সম্ভব করার ইচ্ছে আছে। শুধুমাত্র পঞ্চায়েতের কাজের মধ্যে সীমাবদ্ধ নয়, তার বাইরেও বা সমস্যা তাও মোটানোর চেষ্টা করব।

বিশ্ব রক্তদাতা দিবসে জয়নগরে এসে রক্তদান করলেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়



উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ১৪ জুন : বুধবার বিশ্ব রক্তদাতা দিবসে তৃণমূলের নব জোয়ার যাত্রায় জয়নগর মজিলপুর পৌরসভার মাঠে রক্তদান শিবির পরিদর্শন করে রক্ত দান করলেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। পাহাড় থেকে সাগর মানুষের অভাব অভিযোগের কথা শুনতে মানুষের দূয়ারে পৌঁছে গেছে তৃণমূলের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। লক্ষ্য জনসংযোগ, একগুচ্ছ দুর্নীতির অভিযোগ তুলে সেখানে বিরোধীরা সরব, সেখানে জনরোষ প্রশমনে এবার পথে নেমেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। গত দেড় মাস গোটা বাংলা সফর করছে অভিষেক বন্দ্যোপাধ্যায়। গত ২৫ এপ্রিল থেকে এই কর্মসূচির সূচনা করা হয় কোচবিহার থেকে এই অভিযান কর্মসূচি শুরু হয়ে শেষ হবে দক্ষিণ ২৪ পরগনা জেলায় কাকদ্বীপে জনসভার মাধ্যমে এই কর্মসূচি ঘোষণা শেষ করবে অভিষেক বন্দ্যোপাধ্যায়। গ্রামে গ্রামে মানুষের সমস্যার কথা শুনছেন তিনি। প্রয়োজনে দ্রুত সমস্যা সমাধানের উপায় ও বলেছেন তৃণমূলের সর্বভারতীয় সভাপতি। সরকারি প্রকল্পগুলির সুবিধা মানুষ পাচ্ছে কিনা, কোথায় সমস্যা রয়েছে, কোথায় গাফিলতি তা প্রত্যক্ষ করতে জানার্যির মাস থেকে দীর্ঘ প্রায় তিন মাস যাবৎ ‘দিদির সুরক্ষা কবচ’ কর্মসূচি গ্রহণ করেছিলেন তৃণমূল। দিদির দূত পৌঁছেছিলেন গ্রামে। দিদির দূতদের সামনে পেয়ে জনরোষ দেখা গিয়েছে অনেক জায়গাতেই। এবার কার্যত একই কর্মসূচিতে বদ্ধ অভিযান শুরু করছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সামনেই পঞ্চায়েত নির্বাচন। তার আগে মানুষের চিন্তা ভাবনা বুঝে নিতেই এই কর্মসূচি বলে মনে করছে রাজনৈতিক মহল। বুধবার দক্ষিণ চব্বিশ পরগনার বারুইপুরেের ফুলতলা বাজার এলাকা থেকে নব জোয়ার যাত্রার শুরু করে তৃণমূলের সর্বভারতীয় সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়। এই নব জোয়ার যাত্রা শেষ হয় জয়নগরে। জয়নগর মজিলপুর পৌরসভার তরফ থেকে একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল সেই রক্তদান শিবির পরিদর্শন করলেন তৃণমূলের সর্বভারতীয় সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। রক্তদান শিবিরে রক্তদাতাদের সঙ্গে কথা বলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এদিন জয়নগরের বিধায়ক, জয়নগরের সাংসদ, মপিদরবাজারের বিধায়ক সহ প্রায় ৬০০ থেকে ৬৫০জন রক্ত দাতা রক্ত দেন। রক্তদান শিবিরে অংশ নেন তৃণমূলের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। জয়নগর মজিলপুর পৌরসভার মাঠে রক্তদান শিবিরে পৌঁছে বেশ কিছুক্ষণ বিশ্রাম নিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়। এরপর ভাঙরার সঙ্গে পরামর্শ করে তৃণমূলের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। স্বাস্থ্য পরীক্ষার পর রক্ত দান করেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। আর এদিনের এই কর্মসূচিকে ঘিরে কড়া পুলিশ পাহারার ব্যবস্থা করা হয়েছিল।

নিজেকে একজন নিউরোলজিস্ট বলে পরিচয় দেওয়ায় রিষড়ায় চিকিৎসকের রেজিস্ট্রেশন বাতিল

বনস্পতি দে, রিষড়া,১৪ জুন : জেনারেল মেডিসিনে এমডি পাশ করার পরেই নিজেকে একজন নিউরোলজিস্ট, রিউম্যাটোলজিস্ট ও ডায়াবেটোলজিস্ট বলে পরিচয় দেওয়ার কারণে এক চিকিৎসকের রেজিস্ট্রেশন খারিজ। এলাকায় ভালোই প্র্যাকটিস মেডিসিন বিশেষজ্ঞ ওই চিকিৎসকের প্রেসক্রিপশনে তিনি নিজেকে অ্যাপলো হাসপাতালের ডাক্তার হিসেবেও পরিচয় দিতেন রাজ মেডিক্যাল কাউন্সিল জানতে পেরেছে, এ সবই মিথ্যা তথ্য। এলাকায় ভালোই প্র্যাকটিস মেডিসিন বিশেষজ্ঞ ওই চিকিৎসকের। তিনি জেনারেল মেডিসিনে এমডি পাশ করেছেন ১৯৮১ সালে। কিন্তু অভিযোগ, মেডিসিন স্পেশালিস্ট হওয়ার পরেও প্রেসক্রিপশন প্যাড, ভিজিটিং কার্ড ও সাইনবোর্ডে নিজেকে নিউরোলজিস্ট,



চিকিৎসক। তার পরেই রাজ মেডিক্যাল কাউন্সিল এ নিয়ে তদন্ত শুরু করে। এ ব্যাপারে দেশী সার্বাণ্ড ওই চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ‘রোগী দেখায় ব্যস্ত আছি’ বলে প্রথমে কথা বলতে চাননি। পরে তিনি বলেন, ‘মেডিক্যাল কাউন্সিলের কোনও চিঠি আমি পাইনি। এমন কিছু ঘটনি। পরোটাই গুজব।’ হওয়ায় মঙ্গলবার আপাতত ৬ মাসের জন্যে তাঁর রেজিস্ট্রেশন খারিজ করল কাউন্সিল। এর ফলে

আগামী ৬ মাস রোগী দেখতে পারবেন না সমর বন্দ্যোপাধ্যায় আরোজর ওই চিকিৎসক। স্থানীয় সূত্রে খবর, ওই চিকিৎসকের বিরুদ্ধে কাউন্সিলে অভিযোগ দায়ের করেন স্বপ্না দাস নাম এক মহিলা। তাঁকে হুগলির ডালফিন মেডিক্যাল স্টোরে চিকিৎসা করেছিলেন ওই

‘এক্সট্রাঅর্ডিনারি’ নৈঠকে ওই চিকিৎসকের বিরুদ্ধে আনা যাবতীয় অভিযোগে সিলমোহর দিয়েছে কমিশনের পেনাল অ্যান্ড এথিক্যাল কমিটি। এর পরেই কমিশনের রেজিস্ট্রার থেকে ৬ মাসের জন্য ওই চিকিৎসকের নাম রেজিস্ট্রার মেডিক্যাল প্র্যাকটিশনার্স হিসেবে

মুছে ফেলার সিদ্ধান্ত হয়। কেননা, অ্যাপোলোর সঙ্গে যোগাযোগ করে কমিশন জানতে পেরেছিল, ওই চিকিৎসকের সঙ্গে অ্যাপোলার সব রকম সম্পর্ক পাকাপাকি ভাবে ছিন্ন হয়েছে ২০০৬এর ৬ মে। অথচ অভিযোগ, এখনও সেই পরিচয় ব্যবহার করেন ওই চিকিৎসক। যদিও তাঁকে নাকি এমনটা করতে বার বারই নিষেধ করেছিলেন অ্যাপোলো কর্তৃপক্ষ। কাউন্সিলের সভাপতি সুদীপ রায় বলেন, ‘এ সব বরদাস্ত করা হবে না।’

শান্তনু সেনের হাত ধরে বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দিলেন পারভেজ রহমান

দূরন্ত বার্তা, পুরশুরা, ১৪ জুন : শান্তনু সেনের হাত ধরে বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দিলেন এক সময়ের দাপুটে তৃণমূল নেতা তথা পুরশুরা বিধান সভার প্রাক্তন তৃণমূল বিধায়ক পারভেজ রহমান। ২০১১ সালের বিধান সভা ভোটো তৃণমূলের টিকিট বিধায়ক হন পারভেজ রহমান। এর পর ১৬ র বিধান সভায় দল তাকে আর টিকিট দেয়নি। বেশ কয়েক বছর ধরে দলের থেকে দূরত্ব তৈরি করেন পারভেজ। ২১ এর বিধানসভা ভোটারে আগে শুভেন্দু অধিকারী,মুকুল রায় এবং অমিত সারোয় হাত ধরে বিজেপিতে যোগ দেন পারভেজ রহমান।বিজেপি তে যোগ দিলেও ২১ এর বিধানসভায় টিকিট দেয়নি বিজেপি। এর পরই বিজেপি তে থাকলেও কোনো দলীয়


কর্মসূচি তে দেখা যায়নি তাকে।এক প্রকার রাজনীতি থেকে সন্যাস নেন পারভেজ রহমান। পঞ্চায়েত ভোটের আগে আবার পুরানো দলে যোগ দিলেন পারভেজ রহমান। এদিন তারেকেশ্বর বিধায়ক রামেন্দু সিংহরায়ের দলীয় কাৰ্থালয়ে শান্তনু সেনের হাত থেকে তৃণমূলের দলীয় পতাকা হাতে তুলে নেন পারভেজ রহমান। উপস্থিতি ছিলেন দীর্ঘ দিনের পুরানো কর্মী,মান তারেকেশ্বর বিধায়ক রামেন্দু সিংহরায় সহ স্থানীয় তৃণমূল নেতৃত্ব। তিনি জানান বিজেপি ছিলাম কিন্তু ওটাকে রাজনৈতিক দল বলে মনে হয়নি ,আগামী দিনে তৃণমূল

কংগ্রেস যে দায়িত্ব দেবে সেই দায়িত্ব তিনি পালন করবেন। অন্যদিকে শান্তনু সেন বলেন পারভেজ রহমান দীর্ঘ দিনের পুরানো কর্মী,মান তারেকেশ্বর বিধায়ক রামেন্দু সিংহরায়ের কারণে দলের বাইরে ছিলেন।অনেকেই ভুল বুঝে বা প্রলোভনে পা দিয়ে দল ত্যাগ করেছিলেন আবার তারা নিজদের ভুল বুঝতে পেরে দলে ফিরেছেন।

বৃহস্পতিবার, ১৫ জুন, ২০২৩ | ১৩

পরিযায়ী শ্রমিকদের জন্য রাজভবন বিশেষ পোর্টাল তৈরি করছে

দূরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুন : ভিন রাজ্যে কাজ করতে যাওয়া এরাডোের পরিযায়ী শ্রমিকদের জন্য রাজভবন বিশেষ পোর্টাল তৈরি করছে। সেখানে ওই শ্রমিকেরা নিজদের অভাব অভিযোগ সমস্যা ও প্রযোজনের কথা সরাসরি রাজ্যপাল কে জানাতে পারবেন। কেরালার তিরুবন্থপুরম ও কল্লামে পরিযায়ী শ্রমিকদের সঙ্গে বৈঠকে রাজ্যপাল সিডি আনন্দ বোস এ কথা ঘোষণা করেছেন। তিনি জানিয়েছেন পরিযায়ী শ্রমিকদের দাবিদাওয়া এবং অভিযোগ রাজ্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে দ্রুত নিরসন করা হবে। রাজ্যপাল পশ্চিমবঙ্গ এবং



প্রতিবেশী রাজ্যগুলি থেকে কেরালাজে কাজ করতে যাওয়া ওই শ্রমিকদের জন্য এককালীন এক হাজার টাকা করে অর্থ সাহায্যের কথা ঘোষণা করেন। ওই আর্থিক সাহায্য তাদের জন্য ধন একাউন্টে সরাসরি পাঠিয়ে দেওয়া হবে। অন্যদিকে কেন্দ্রীয় সরকার ডাক্তারি স্নাতক স্তরে এমবিবিএস পাঠক্রম শেষ করার সমন্বয়সীা বৈশে দিয়েছে। ন্যাশনাল মেডিকেল কমিশনের তরফে জানানো হয়েছে পাঁচ বছরের এম বি বি এস পাঠ্যক্রম শেষ করার জন্য এখন থেকে একজন পড়ুয়া সর্বোচ্চ নয় বছরের সময়সীমা পাবেন। উল্লেখ্য এর আগে পরীক্ষায় অকৃতকার্য হলেও একজন পড়ুয়া পাঠক্রম শেষ করার জন্য অনির্দিষ্টকালের সময় পেতেন।

দুরন্ত ভ্রমণ

বেড়িয়ে আসুন সেই অফবিট লোকেশন উত্তরবঙ্গের বালিতে

উত্তরবঙ্গের বালি। বালি মানে চোখের সামনে ভেসে ওঠে একটি



লোভনীয় পর্যটন কেন্দ্র। বিদেশের মাটিতে সমুদ্র উপকূলে ছুটি কাটানো সিলিগ্টি জায়গা বললে ভুল হবে না। কিন্তু জানেন কি উত্তরবঙ্গে এমন একটা জায়গা রয়েছে যাকে বলা হয উত্তরবঙ্গের বালি। আর আসল নাম সানটুক। একেবারে একটা অফবিট জায়গা। উত্তরবঙ্গের বালি উত্তরবঙ্গের ট্রাভেল ডেস্টিনেশন গুলির মধ্যে এই সানটুক বা উত্তরবঙ্গের বালি এখন হাইট্রেন্ডিং। সোস্যাল মিডিয়া খুললেই সেখানে দেখা যাচ্ছে এই অফবিট ট্যুরিস্ট

স্পটের কথা। যাকে বলা হচ্ছে উত্তরবঙ্গের বালি। কোথায় রয়েছে এই

সুইং বেডে বসে কাঞ্জনজগ্ধ্যা উপভোগ করা যায়। কুয়াশা থাকলেও ক্ষতি নেই। এখানে অসাধারণ লাগবে এখানে বসে থাকতে। কলকাতার অদূরে অ্যাপলিকের গ্রাম থেকে বালি বেড়ানোর মজা একেবারে ইস্টারন্যাশনাল ট্র্যাভেলের মজা দেবে সানটুকের এই রিসর্ট। এখানে হোমস্টের মধ্যে একটা হাট শেপের বেশ রয়েছে। সেটা ফটো শ্যুটের জন্য তৈরি করা হয়েছে। সেটা পর্যটকদের পছন্দের জায়গা। এখানে এসে এই জায়গায় বসেই দিন কাটিয়ে দেন সকলে। বাইরে কোথাও যেতে হচ্ছে করবেই না। ফটো তুলতে তুলতেই সময়টা কেটে যাবে। অফবিট সেই লোকেশন থেকে গ্রামের পথে হাটা হোম স্টের কাছেই রয়েছে একটি ছোট গ্রাম। সেখানে পায়ে হেঁটে ঘুরে নেওয়া যায়। পথে গাছের ফঁকে অসংখ্য অর্কিড ফুটে থাকতে দেখতে পাবেন। হোমস্টে জুড়ে রকমারি পাহাড়ি ফুলের ভিড় রয়েছে ক্যাকটাস, অর্কিড, বাগান বিলাসের মতো ফুলের সমাহার। হোমস্টেতে বসেই দিন কেটে যাবে। তার সঙ্গে বালির বেড়ানোর মতো মনে হবে পুরো জায়গাটা। সে এক অন্য অভিজ্ঞতা।



বেড়াতে যাবেন, ইতিহাসের সাক্ষী নিমতিতার জমিদার বাড়িতে। জানা গিয়েছে এই বাড়িটি সাড়ে তিনশো বছরের পুরানো। পলাশির যুদ্ধ থেকে স্বাধীনতার শেষ সংগ্রাম, স্বাধীন বাংলা থেকে পরাধীনতা, আর সেই পরাধীনতা পেরিয়ে ফের স্বাধীনতার সুবাদেয়ে সাক্ষী থেকেছে মুর্শিদাবাদের এই সুবিশাল জমিদার বাড়ি। শুধু রিয়ে নয়, রিললাইফের একের পর এক মাইলস্টোনের সাক্ষীও এই বিশাল প্রাসাদটি। এখানেই শুটিং হয়েছে ‘দেবী’, ‘তিনকন্যা’, ‘সমাপ্তি’। পরিচালক সত্যজিৎ রায়ের কালজয়ী সিনেমা ‘জলসাঘর’ নির্মিত হয়েছিল এই নিমতিতা জমিদার বাড়িতে। সেই জমিদার বাড়িই হেরটেজের তকমা পেয়েছে। সেজে উঠছে পর্যটন কেন্দ্র রূপে। প্রায় ৩৫৬ বছর আগে জমিদার গৌরসুন্দর চৌধুরী ও দ্বারকানাথ চৌধুরী গড়ে তোলেন নিমতিতা জমিদার বাড়ি। সিংহ দরজা থেকে দুর্গা মন্দির, সুবিশাল ছাদ থেকে জলসাঘর, কী ছিল না সেখানে! বিদ্রোহি কবি কাজী নজরুল ইসলাম নিমতিতা জমিদার বাড়িতে এসেছিলেন। সঙ্গে নামতেই জমিদার বাড়ি অন্যরকম সেজে উঠে। বসত নাটকের আসর। এখানেই সৈবীর হয়েছে একাধিক চলচ্চিত্র। ইতিহাসের সাক্ষী বহন করে চলেছে নিমতিতা জমিদার বাড়ি। বর্তমানে

নিমতিতা জমিদার বাড়ি তার জৌলুস হারিয়েছে। জরাজীর্ণ অবস্থা। নিমতিতা জমিদার বাড়িকে হেরিটেজ স্বীকৃতি দিয়ে পর্যটনকেন্দ্র হিসাবে গড়ে তোলার দাবিতে সর্বব হয়েছে স্থানীয় মানুষজন। জানা গিয়েছে, বিগত কয়েকবছর ধরে ঐতিহাসিক নিমতিতা জমিদার বাড়ি সংস্কার ও সংরক্ষণের জন্য বিভিন্ন দপ্তর ও জমিদার বাড়ির সদস্যদের কাছে লিখিত আবেদন করা হয়েছিল। এই দাবিতে নিমতিতা জমিদার বাড়ি অভিযান ও জমায়েত করা হয়েছিল। জেলা প্রশাসনের কাছে দু’বার লিখিত আবেদন করা হয়েছিল হেরিটেজ স্বীকৃতিপ্রাপ্ত নিমতিতা জমিদার বাড়ির সামনে একটি লিখিত সরকারি বোর্ড বসানোর জন্য। সেই আবেদনে সাড়া দিয়ে প্রশাসন এই বোর্ড বসানোতে খুশি স্থানীয় মানুষজন। পর্যটনের উন্নয়নের স্বার্থে ও ঐতিহ্য রক্ষার লক্ষ্যে হেরিটেজ নিয়ম মেনে ঐতিহাসিক বাড়িটি সংস্কার ও সংরক্ষণের জন্য জমিদার পরিবারের বর্তমান সদস্য ও জেলা প্রশাসনের কাছে আমরা আবেদন জানানো হয়েছে। নিমতিতা জমিদার বাড়ির বর্তমান সদস্য রবীন্দ্রনারায়ন চৌধুরী বলেন, ঐতিহাসিক নিমতিতা জমিদার বাড়ি সংস্কার ও সংরক্ষণের জন্য দীর্ঘদিন ধরে পরিবারের পক্ষ থেকে আবেদন করা হয়েছে বিভিন্ন মহলে। ওখানে একটা হেরিটেজ বোর্ড লাগানোর আবেদন ও করা হয়েছিল। অবশেষে, মুর্শিদাবাদ জেলা ইতিহাস ও সংস্কৃতি চর্চা কেন্দ্র দীর্ঘদিন ধরে ধারাবাহিক ভাবে লেগে থেকে প্রশাসনকে দিয়ে এই কাজটি করায় খুশি স্থানীয় মানুষজন। জেলা শাসকের নির্দেশে হেরিটেজ ঘোষণা হওয়া নিমতিতা জমিদার বাড়ির সামনে একটি নোটিশ বোর্ড লাগানো হল। যাবে কি বেড়াতে এই জমিদার বাড়িতে। ঘন্টা চারকে সময় লাগবে এই জায়গায় পৌঁছাতে। খাটর রাসায় রয়েছে। পরিকল্পনা করতে পারেন পূজার ছুটিতে যাওয়ায়।

ঘুরতে গেলেই বমি, শরীর খারাপ? কি করবেন দেখে নিন ৫ উপায়

বাঙালির চিরকালই পায়ে তলায় সরমে রয়েছে বলে প্রবাদ রয়েছে। সুযোগ পেলেই বেড়িয়ে পড়েন ব্যাগ কাঁধে যেখানে মন চায়। কিন্তু অনেকেই রয়েছেন, যারা উড়ুউড়ু মন নিয়ে বাড়িতে বসে থাকতে বাধ্য হন জার্নির ধকল সহিতে না পেরে। কারও বা আবার গাড়িতে উঠলেই দমবন্ধ হয়ে আসে। কারও আবার গা গুলিয়ে ওঠে

কিংবা বমির সমস্যা থাকে। অতঃপর নিস্তেজ সন্ধীকে নিয়ে ঘুরতে গিয়ে অনেকেই ভোগেন। এই সমস্ত মানুশ আসলে ‘মোশন সিকনেস’-এর শিকার। চলন্ত গাড়ির বার্কুনি বা বাইরের দৃশ্যের নিরন্তর পরিবর্তনের জন্য চোখ পেরে। কারও বা আবার গাড়িতে উঠলেই দমবন্ধ হয়ে আসে। কারও আবার গা গুলিয়ে ওঠে



দুয়ের সংঘাতে ‘মোশন সিকনেস’ জাঁকিয়ে বসে। কীভাবে দূর করবেন

এই সমস্যা? ১. ভ্রমণের সময়ে এবং তার আগে কী খাচ্ছেন, সেদিকে নজর দিন। অ্যালকাহল নেন নেন চ! অতিরিক্ত মদ্যপান, তার সঙ্গে এমন খাবার বা পানীয় যা আপনার সহ্য হয় না। সেগুলো এড়িয়ে যাওয়া উচিত। তবে পালি পেটেও গাড়িতে উঠবেন না। ২. বমিবমি ভাব কিংবা গা গোলানো এড়াতে তীব্র মশলার

গন্ধযুক্ত খাবার এড়িয়ে চলুন। ৩. এমন কোনও সিটে বসবেন না, যাতে প্রচণ্ড বাঁকনি লাগে। বাসের পিছনের দিকে কিংবা চাকার ওপর তো একদমই নয়। বিমানসফরের সময়ে প্লেনের মাঝামাঝি সিট বুক করুন। আপনার যদি উচ্চতা থেকে দুর্বলতা থাকে, তাহলে উইন্ডো সিট এড়িয়ে চলুন। ৪. গাড়ি

চলাকালীন বইপত্র ভুলেও পড়বেন না। কিংবা মোবাইলে সিরিজ, সিনেমা দেখলও মোশন সিকনেসের শিকার হতে পারেন। ৫. বাইরের ঠান্ডা হাওয়া আসতে জাননা দিয়ে সুস্থবোধ করবেন। এছাড়াও কাছে লবঙ্গ, আদাকুচি, কলালেবুর খোসা রাখতে পারেন। গা গোলালেই কাটপু মুখে দিন কিংবা শুঁকে নিন।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে ও এএসটিসি এর মধ্যে মউ চুক্তি স্বাক্ষরিত

মালিগাঁও, ১৪ জুন : ১৪ জুন, ২০২৩ তারিখে উত্তর - পূর্ব সীমান্ত রেলওয়ে ও অসম রাজ্যিক পরিবহণ নিগম (এএসটিসি)-এর মধ্যে গুয়াহাটি রেলওয়ে স্টেশনে ২য় প্রবেশপথ নির্মাণের জন্য জমি বিনিময়ের সমঝোতা চুক্তি (মউ) স্বাক্ষরিত হয়।



আগামী ৪ মাসের মধ্যে প্রস্তুত করা হবে এবং গুয়াহাটি স্টেশনের পুনঃ উন্নয়ন প্রকল্পের একটি অংশ হিসেবে এটি বিকশিত করা হবে। যাত্রীদের সহজ প্রবেশ ব্যবস্থা প্রদানের পাশাপাশি এই দ্বিতীয় প্রবেশপথটি শহরের যানজট হ্রাস করবে। গুয়াহাটি রেলওয়ে স্টেশনে প্রবেশের জন্য উত্তর দিক থেকে অথবা শহরের পান বাজারের দিক থেকে শুধুমাত্র একটিই প্রবেশপথ আছে। এই স্টেশন ও প্রবেশপথের উন্নয়নের লক্ষ্যে উত্তর - পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে উপযুক্ত জমি প্রদানের জন্য অসম সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছিল, এক্ষেত্রে রাজ্য সরকার সম্মতি প্রকাশ করেছে। গুয়াহাটি রেলওয়ে স্টেশনে দ্বিতীয় প্রবেশপথ নির্মাণের জন্য পল্টন বাজারের দিকে এএসটিসি-র ৬৬৮২.৫০ বর্গমিটার পরিমাণের জমিকে উপযুক্ত হিসেবে বিবেচনা করা হয়েছে। এর বিনিময়ে উত্তর জালুকবাড়িতে ২৭৮৪৩.৭৫ বর্গমিটার পরিমাণের সমমূল্যের রেলওয়ে জমি এএসটিসি-র হাতে তুলে দেওয়া হবে। দ্বিতীয় প্রবেশপথ তৈরি করার জন্য উত্তর - পূর্ব সীমান্ত রেলওয়ে ইতিমধ্যেই পরামর্শদাতা নিয়োগ করেছে এবং গুয়াহাটি রেলওয়ে স্টেশনের সামগ্রিক উন্নয়নের পরিকল্পনা করা হয়েছে। যাত্রীদের জন্য বসার ব্যবস্থা ও কিওস্ক ইত্যাদি প্রদানের জন্য স্টেশনে অতিরিক্ত স্থান তৈরির উদ্দেশ্যে রেলওয়ে ট্র্যাকের উপর রুফ প্লাজা দেওয়া হবে। সোলার প্যানেল, বর্জ্য ব্যবস্থাপনা, জল ব্যবস্থাপনা ইত্যাদির সাথে ‘গ্রিন বিল্ডিং’ আদলে স্টেশনটির উন্নয়ন করা হবে। যাত্রীদের পথাগু সুযোগ-সুবিধা প্রদানের জন্য লিফ্ট, এসকেলেটর, আধুনিক সংকেত চিহ্ন, শৌচাগার, প্রশস্ত ওয়েটিং হল, পার্কিং সুবিধার মধ্যস্থানে অবস্থিত গুয়াহাটি রেলওয়ে স্টেশনটি এই অঞ্চলের যোগাযোগ কেন্দ্র হিসেবে পরিষেবা দিয়ে আসছে। এই নতুন সুবিধাগুলি যুক্ত হলে স্টেশনটি গুয়াহাটির জনগণের জন্য অভূতপূর্ব সার্বিক উন্নয়নের সূচনা করবে।

মেট্রো রেল ভবনে ভেঙার মিট আয়োজন

কলকাতা, ১৪ জুন : রেলওয়ে দৈনন্দিন ব্যবসায় দুর্নীতি ও অসদাচরণ দূর করার লক্ষ্যে, মেট্রো রেল ভবনে আজ অর্থাৎ ১৪.০৬.২০২৩ তারিখে মেট্রো রেল স্টোর বিভাগ কর্তৃক একটি ভেঙার মিট আয়োজন করা হয়। শ্রী পি. উদয় কুমার রেড্ডি, মহাব্যবস্থাপক, মেট্রো রেলওয়ে একটি প্রদীপ জ্বালিয়ে এই মিটের উদ্বোধন করেন। তার বক্তৃ তায়, তিনি আশা প্রকাশ করেছেন যে এই মিট মেট্রো রেলের পাশাপাশি বিক্রেতাদের জন্যও উপকারী হবে। এটি সমস্ত স্টেকহোল্ডারদের মধ্যে আস্থা তৈরি করবে এবং এমএসএমইকে সাহায্য করবে। সেমিনারে প্রায় ১২ টি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নেন। শ্রী এম কে দে, প্রধান প্রধান উপকরণ ব্যবস্থাপক, শ্রী বি. কে. সিং, প্রধান আর্থিক উপদেষ্টা, অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তা এবং মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের অন্যান্য প্রতিনিধিরাও এই সেমিনারে উপস্থিত ছিলেন। এই ইন্টারেক্টিভ সেমিনারে, রেলওয়ে সূচক কাঙ্ক্ষিতা এবং ব্যবসা নিশ্চিত করার জন্য বিশদ আলোচনা অমুষ্ঠিত হয়।



নতুন করে হিংসা ছড়াল মণিপুরে, নিহত ৯

মণিপুর, ১৪ জুন : আবার নতুন করে হিংসা ছড়াল মণিপুরে। ইতিমধ্যেই হিংসায় প্রাণ হারিয়েছেন ৯ জন। নতুন করে হিংসা ছড়ানোর পর মণিপুরে আবার নতুন করে কঠোর কারফিউ বলব করা হয়েছে। গত ২৪ ঘণ্টায় ফের নতুন করে হিংসা ছড়ায় মণিপুরে। তাতেই প্রাণ হারান ৯ জন। নিহত ৯ জনের মধ্যে ১ জন মহিলাও আছেন। জানা গিয়েছে, গতকাল গভীর রাতে মণিপুরের খামেনলোক এলাকায় গুলির লড়াই বাঁধে। দুপক্ষের গুলির লড়াইয়ে প্রাণ হারান ৯ জন। আহত হন বহু। সেনা সূত্রে এমনটাই জানা গিয়েছে। আহতদের উদ্ধার করে ইম্ফল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সূত্রের খবর, হিংসায় নিহতদের শরীরে গভীর আঘাতের চিহ্ন রয়েছে। এই ঘটনা নিঃসন্দেহে সে রাজ্যের শান্তি প্রক্রিয়ার উপর বড় আঘাত। প্রসঙ্গত বিগত কয়েক মাস ধরে মণিপুরের মেইতেই ও কুকি সম্প্রদায়ের মধ্যে উত্তেজনা চলছে। খামেনলোক, যেখানে ঘটনাটি ঘটেছে, তা পূর্ব ইম্ফল ও কাংপকপাই জেলার সীমান্তের কাছে অবস্থিত। গত কয়েকদিন ধরেই ওই এলাকায় উত্তেজনা ছিল। এরপরই গতকাল রাতে উত্তেজনা আরও বেড়ে যায়। হিংসা ছড়ায়। প্রসঙ্গত, দুই সম্প্রদায়ের মধ্যে এই সংঘর্ষ, হিংসা পরিস্থিতি ইতিমধ্যেই ১০০ জনের প্রাণ করেছে। প্রায় সাড়ে তিন বছর উপর মানুষ বেঘর হয়েছে। আহত হয়েছে। উল্লেখ্য, দুই আদিবাসী সম্প্রদায়ের মধ্যে এই হিংসা ছড়ানোর কারণ হল মেইতেই গোষ্ঠীকে তফশিলি জাতিভুক্ত



করা। মণিপুরের মেইতেই সম্প্রদায় তাদেরকে তফশিলি উপজাতি ভুক্ত করার দাবি জানালে, তার প্রতিবাদ করে কুকি উপজাতির মানুষরা। কারণ মেইতেই সম্প্রদায়কে তফশিলি উপজাতিভুক্ত করলে, তারা সংরক্ষণের সুবিধা পাবে ও বনাঞ্চলে প্রবেশের অধিকার পেয়ে যাবে। ওদিকে কুকি গ্রামবাসীদের রিজার্ভ ফরেস্টের জমি থেকে উচ্ছেদ করা নিয়েই উত্তেজনার শুরু। যা থেকে একের পর এক হিংসার ঘটনা ঘটে আদিবাসী অধ্যুষিত উত্তর-পূর্বে রাজ্যটিতে। মণিপুরের মোট জনসংখ্যার প্রায় ৫৩ শতাংশই মেইতেই সম্প্রদায়ের মানুষ। তারা বেশিরভাগই ইম্ফল উপত্যকায় বসবাস করেন। আর জনসংখ্যার ৪০ শতাংশ আদিবাসী নাগা এবং কুকিরা। তারা মূলত পার্বত্য জেলাগুলিতে বাস করেন।

ডিএস গ্রুপের কনফেকশনারি প্রোফাইল বাড়ানোর জন্য স্ট্রেটজিক অধিগ্রহণ



নিউ দিল্লি / কলকাতা, ১৪ জুন : ধরমপাল সত্যপাল গ্রুপ (ডিএস গ্রুপ), একটি মাল্টি-বিভাগের কর্পোরেশন এবং একটি শীর্ষস্থানীয় এফএমসিজি গ্রুপ, দ্য গুড স্টাফ প্রাইভেট লিমিটেড (পুর্বে গ্লোবাল সিপি প্রাইভেট লিমিটেড নামে পরিচিত) অধিগ্রহণের ঘোষণা করেছে, যা পূর্বে গোম্ভার্মান স্যাকস এবং মিতসুই ডেভেলপারসের মালিকানাধীন লাভিট চকোলেট এবং কনফেকশনারি ব্র্যান্ড এর মালিক। এই অধিগ্রহণটি মুদি এবং অন্যান্য রিটেইল ব্রিক্রয় কেন্দ্রগুলিতে এর বিতরণ প্রসারের পাশাপাশি গ্রুপের কনফেকশনারি পোটফোলিও বৃদ্ধি এবং শক্তিশালী করার জন্য একটি বৌশলগত পদক্ষেপ। ডিএস গ্রুপ ২০১২ সালে মিস্টার ব্যবসায় প্রবেশ করে এবং পাস পাস, পালস, চিরলেস, রজনীগন্ধা সিলভার পার্লস, মেজ এবং বিলাসবহুল সুইস চকোলেট ব্র্যান্ড

মোডানো ক্রাফি ওয়েফারস, ফল চকোলেট স্বাদযুক্ত ললিপপ, ইফোয়ারস, সুগার প্যানন চকোলেট এবং চোকো স্ন্যাকসের সাথে বাড়িয়ে তুলবে। অনুষ্ঠানের বিষয়ে বলতে গিয়ে ডিএস গ্রুপের ভাইস চেয়ারম্যান শ্রী রাজীব কুমার বলেন, ডিএস গ্রুপ গত কয়েক বছর ধরে কনফেকশনারি বিভাগে তার উপস্থিতি বাড়ানোর দিকে মনোনিবেশ করছে। আমাদের মিস্টারের বৃদ্ধি উন্নত করতে এবং একটি প্রভাবশালী পদচিহ্ন নিয়ে প্রোডাক্ট বিভাগে প্রবেশ করার জন্য Luvit অধিগ্রহণ একটি স্ট্রেটজিক সিদ্ধান্ত ছিল। এটি আমাদের প্রোডাক্ট পোটফোলিও প্রসারিত করতে সক্ষম করেছে যার ফলে নতুন গ্রাহক এবং বাজারেও পৌঁছাবে। একটি ব্র্যান্ড হিসাবে Luvit আমাদের পোট ফোলিওকে পুরোপুরি পরিপূরক করে এবং উত্তরান এবং প্রিমিয়াম মানের আমাদের

ব্যবসায়িক নীতির সাথে সমন্বয় সাধন করে। এই ইন্টিগ্রেশন দক্ষিণ ভারত সহ একটি শক্তিশালী ভৌগোলিক পদচিহ্ন সক্ষম করবে এবং ডিএস গ্রুপের জন্য বর্তমান প্রোডাক্ট অফারগুলি বাড়িয়ে তুলবে, যা ইতিমধ্যে নন-চকোলেট কনফেকশনারি বিভাগের শীর্ষস্থানীয় ব্র্যান্ডগুলির মধ্যে একটি। দেশজুড়ে ডিএস গ্রুপের শক্তিশালী ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক থেকে লাভবান হবে ব্র্যান্ড Luvit । গুড স্টাফ প্রাইভেট লিমিটেড ২০১৪ সালে উদ্ভাবনী এবং পৃথক প্রোডাক্টগুলির সাথে গ্রাহকদের অভিজ্ঞতা প্রযুক্তি করার ড্রাইভ নিয়ে প্রতিষ্ঠিত হয়েছিল। সংস্থাটির ১০০ কোটি টাকারও বেশি টার্নওভার ছিল (ফাইন্যান্সিয়াল ইয়ার ২০১১-২২ এ) যার প্রায় ৯০ অবদান ছিল ব্র্যান্ড Luvit থেকে। ভারতীয় কনফেকশনারি বাজারের মূল্য প্রায় ২৩,০০০ কোটি টাকা, যার মধ্যে ১৩,৮০০ কোটি টাকায় প্রায় ৬০ শেয়ার নিয়ে একটি বিভাগ হিসাবে চকোলেট আধিপত্য বিস্তার করে। ২০২৮ সাল পর্যন্ত ভারতীয় চকোলেট - এর বাজার ৬.৬৯ শতাংশ সিএজিআর হারে বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। ডিএস গ্রুপ গ্রাহকদের আনন্দিত করার জন্য বিভিন্ন ব্যবসায়িক বিভাগে সফল ব্র্যান্ড তৈরি করে চলেছে, অন্যদিকে ‘কোয়ালিটি অ্যান্ড ইনোভেশন’ এর জন্য নিরবচ্ছিন্ন প্রচেষ্টা গ্রাহকদের আনুগত্য এবং সন্তুষ্টি নিশ্চিত করে।

Name Change I MADHUB KUMAR DAS, S/O AJIT DAS, R/O HATTUBA, P.S. HABRA, NORTH 24 PARGANAS, PIN-743263, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MADHAB DAS, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 14/06/2023.
Name Change I, Kaykashan Khatoon. DOB 19-12-1987 residing at Vill+ P.O - Banipur, P. S - Sankarali, Howrah+ 711304 have changed my name to Mounita Santra. I have embraced Hinduism and renounced Islam with effect from 14th June 2023.

আসানসোল ডিভিশন পরিদর্শন করেছেন পূর্ব রেলের জেনারেল ম্যানেজার

কলকাতা, ১৪ জুন : শ্রী অমর প্রকাশ দ্বিবেদী, জেনারেল ম্যানেজার পূর্ব রেল বুধবার (১৪.০৬.২০২৩) সদর দফতরের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের



সাথে দুমকা এবং মোহনপুর সেকশনের মধ্যে বিভিন্ন স্টেশন পরিদর্শন করেছেন। শ্রী পারমানন্দ শর্মা, ডিভিশনাল রেল ম্যানেজার আসানসোল এবং আসানসোল ডিভিশনের অন্যান্য ডিভিশনাল অফিসার তার পরিদর্শনে জেনারেল ম্যানেজারের সাথে ছিলেন। শ্রী অমর প্রকাশ দ্বিবেদী, জেনারেল ম্যানেজার পূর্ব রেলওয়ে দুমকা এবং মোহনপুর সেকশনের মধ্যে একটি উইন্ডো ট্রেলিং পরিদর্শন করেছেন যেখানে ট্র্যাক এবং এর আশেপাশের স্থাপনা যেমন সিগনাল, ওএইচটি, প্ল্যাটফর্ম। পরিদর্শন চলাকালীন,

গুরুত্বপূর্ণ পরামিতিগুলি যেমন রুটে পড়ে যাওয়া স্টেশনগুলির পরিচ্ছন্নতা এবং সামগ্রিক অবস্থা, ট্রেনের রাইডিং কোয়ালিটি বিশেষ করে পয়েন্ট এবং ক্রসিংগুলিতে, ট্র্যাক জামিতি সূচকে, রুটে লেভেল ক্রসিং গেটের অবস্থা ইত্যাদি পর্যবেক্ষণ করা হয়েছিল। শ্রী দ্বিবেদী মোহনপুর স্টেশনে নবনির্মিত স্টেশন ভবন এবং বিভিন্ন নির্মাণ কাজও পরিদর্শন করেন। তিনি প্রকল্পগুলির স্টেচও দেখেছিলেন এবং মোহনপুর স্টেশনে উন্নয়নমূলক প্রকল্পগুলির জন্য পরবর্তী পদক্ষেপ সম্পর্কে তার মূল্যবান নির্দেশনা দিয়েছিলেন। জেনারেল ম্যানেজার পূর্ব রেল দেওঘর স্টেশনে কোচিং ডিপোার নির্মাণ কাজও পরিদর্শন করেছেন।

ঘূর্ণিঝড় বিপর্যয়-এর প্রেক্ষিতে সরানো হল ৩৭,৮০০ জনকে, বাতিল ৬৯টি ট্রেন

আহমেদাবাদ, ১৪ জুন : বৃহস্পতিবার অর্থাৎ ১৫ জুন আছড়ে পড়বে ঘূর্ণিঝড় বিপর্যয়। গুজরাটের কচ্ছ, সৌরাষ্ট্র এবং দ্বারকা তহনছ করতে পারে ঘূর্ণিঝড় বিপর্যয়। ফলে গুজরাটের এই উপকূলবর্তী এলাকাগুলিতে জারি করা হয়েছে চরম সতর্কতা। আবহাওয়া দফতরের সতর্কতা অনুযায়ী, বুধবার থেকেই অতি ভারী বৃষ্টি শুরু হবে গুজরাটে। যার মধ্যে সৌরাষ্ট্র, কচ্ছ এবং দ্বারকায় বিপুল ক্ষতি হতে পারে।

গুজরাটের মান্ডবী, জাখাউ এবং পাকিস্তানের করাচি বন্দরের মধ্যে আছড়ে পড়তে পারে ঘূর্ণিঝড় বিপর্যয়। বিপর্যয় পড়লে ঘণ্টায় তার গতিবেগ ১২৫ থেকে ১৩৫ কিলোমিটার পর্যন্ত পৌঁছতে পারে বলে সতর্ক করা হয় আবহাওয়া ভবনের তরফে। এদিকে, ঘূর্ণিঝড় বিপর্যয়-এর প্রেক্ষিতে ৬৯টি ট্রেন বাতিল করা হয়েছে বলে জানিয়েছে পশ্চিম রেল। এছাড়াও ৩৬টি ট্রেনের যাত্রাপথ কমিয়ে দেওয়া হয়েছে। পশ্চিম রেলের সিপিআরও জানিয়েছেন, যাত্রীদের সুরক্ষার কথা মাথায় রেখেই ট্রেন বাতিল ও যাত্রাপথ কমানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

Name Change I, OYAZED ALI MONDAL (old name) residing at Nalitaipole, PO- Baijputr, PS- Dhaniakhali, Hooghly Rural-712405 WB India I have changed my name to (shall henceforth be known as) AJED ALI MANDAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 14/06/2023. OYAZED ALI MONDAL and AJED ALI MANDAL both are same and one identical person.
Name Change I, PANNALAL DOLAI (old name) S/O LATE KRISHNAPADA DOLAI residing at VILL-BENGRAI, PO- JOYNAGAR, PS- GHATAL, WEST MEDINIPUR- 721212 W.B,India I have changed my name to (shall henceforth be known as) PANU DOLAI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 14/06/2023. PANNALAL DOLAI and PANU DOLAI both are same and one identical person.
Name Change I ZOHORA BIBI ALIAS JOHORA BIBI ALIAS JOHARA W/O ABU HOSEN THANDER R/O SANTOSHPUR THANDER PARA, PO- SANTOSHPUR (M), PS- MAHESHTALA, KOLKATA- 700142 SHALL HENCEFORTH BE KNOWN AS JOHARA BIBI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 14/06/2023
Name Change I, NIRAJ SHROFF (old name) S/O LATE KRISHNA KUMAR SHARAFF residing 8/5A, East Mall Road, Baguiati, Bidhannagar, Pin- 700080 WB India I have changed my name to (shall henceforth be known as) NIRANJAN SHARAFF, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 14/06/2023. PRIYA SHROFF and PRIYA SHARAFF both are same and one identical person.
Name Change IANIMA BANDYOPADHYAY W/O DEBASIS BANDYOPADHYAY R/O 52 MANDELA PARK, PO-SODEPUR, NORTH 24 PARGANAS - 700110 SHALL HENCEFORTH BE KNOWN AS ANIMA BANERJEE VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 14/06/2023.
Name Change I SHEELA CHANDA W/O HARI DAS CHANDRA/O 26W KHANPUR ROAD, PO- NAKTALA, KOLKATA- 700047 SHALL HENCEFORTH BE KNOWN AS BABY CHANDA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 14/06/2023.
Name Change I, SUKANYA DAS (old name) W/O SUBHAM GHOSH residing at VILL-GHOSHPARA, PO & PS- HINGALGUNI, Basirhat, 743435 WB India I have changed my name to (shall henceforth be known as) SUKANYA GHOSH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 14/06/2023. SUKANYA DAS and SUKANYA GHOSH both are same and one identical person.
Name Change I, Shamsher Khan Mohammed (old name) S/O Abdul Samad Khan residing at Road No-02 Rahmat Nagar Bumpur, Pin- 713325, PS- Hirapur, Dist- Paschim Bardhaman India I have changed my name to (shall henceforth be known as) Shamsher Khan, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 14/06/2023. Shamsher Khan Mohammed and Shamsher Khan both are same and one identical person.
Name Change I, SARADHA GUPTA (old name) D/O KRISHNA MOHAN JAISWAL residing at 15, New Basti, Dhankheti Mahalla, Titagarh, PS- Khardah, Barrackpore, North 24 Pgs-700119 India I have changed my name to (shall henceforth be known as) SHRADDHA GUPTA, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 14/06/2023. SARADHA GUPTA and SHRADDHA GUPTA both are same and one identical person.
Name Change I, SUMAN SHROFF (old name) W/O NIRANJAN SHARAFF residing at 8/5A, East Mall Road, Baguiati, Bidhannagar, Pin- 700080 India I have changed my name to (shall henceforth be known as) SUMAN SHARAFF, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 14/06/2023. SUMAN SHROFF and SUMAN SHARAFF both are same and one identical person.

অস্থায়ী কর্মীরা এখন কর্মহীন, স্থায়ী চাকরির দাবিতে হাসপাতালের সুপারের দ্বারস্থ হল সেই কর্মীরা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৪ জুন : কোভিড পরিস্থিতির সময় উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে কাজ করেছিল বেশ কয়েকজন অস্থায়ী



কর্মী। তবে বর্তমানে তারা কর্মহীন। হাসপাতালে স্থায়ী চাকরির দাবিতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের সুপারের দ্বারস্থ হল সেই কর্মীরা। বুধবার দুপুরে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সুপারের কাৰ্যালয়ের সামনে দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখায় তারা এবং পরবর্তীতে তাদের দাবি সন্মিলিত স্বারকলিপি তুলে দেওয়া হয়। তাদের দাবি হাসপাতালের সুপার স্পেশালিটি ব্লকে স্থায়ী কর্মী নিয়োগের ক্ষেত্রে তাদের অগ্রাধিকার দেওয়া হোক এবং তারা যাতে স্থায়ী চাকরি পায় তার ব্যবস্থা করুক হাসপাতাল কর্তৃপক্ষ। অন্যদিকে, এই বিষয়ে সুপার ডাঃ সঞ্জয় মল্লিক বলেন, হাসপাতালে কর্মী নিয়োগ এজেন্সির হাতে রয়েছে তাদের নিয়োগের ক্ষেত্রে কিছু মাপকাঠি রয়েছে। তাদের মাপকাঠি অনুযায়ী সমস্ত কিছু ঠিক থাকলে এদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া উচিত। তবে নিয়োগ হাসপাতালের আওতায় নেই।

শহরে প্রতিনিয়ত চলছে লোডশেডিং, প্রতিবাদে সামিল বিজেপি

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৪ জুন : শিলিগুড়িতে প্রতিনিয়ত চলছে লোডশেডিং, অতিরিক্ত বিদ্যুতের মাংশুল গুনতে হচ্ছে শহরবাসীকে, এরই প্রতিবাদে বিক্ষোভে সামিল হলো ভারতীয় জনতা পার্টি। বুধবার শিলিগুড়ির ক ৭৪ নং জ ওয়া স্টে ডি য়ামের সামনে থেকে একটি মিছিল করে হাকিম পা ডা। এলাকার বিদ্যুৎ বিভাগের গ্রাহক সেবা কেন্দ্রের সামনে গিয়ে দীর্ঘক্ষণ বিক্ষোভ দেখালো বিজেপি ৬ নম্বর মণ্ডল কমিটির নেতৃত্ব ও কর্মীরা। এদিনের এই বিক্ষোভে উপস্থিত ছিলেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ। এদিন বিক্ষোভ দেখানোর পর তাদের দাবি সন্মিলিত একটি স্মারকলিপি তুলে দেওয়া হয়। মূলত শিলিগুড়ি শহরে প্রতদিন লোডশেডিং হচ্ছে। তার পাশাপাশি অতিরিক্ত বিদ্যুতের মাংশুল গুনতে হচ্ছে শহরবাসীকে এমনই অভিযোগ এদিন তোলা হয়। এর পাশাপাশি একবারে তিন মাসের পরিবর্তে প্রতিমাসে যাতে বিদ্যুতের বিল শহরবাসী দিতে পারে তার ব্যবস্থা করার দাবি তুলে ধরা হয়। এদিন সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে এই বিষয় নিয়ে রাজ্য সরকারকে কটাক্ষ করেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ।

বাঁকুড়ার জেলা পরিষদে তৃণমূলের প্রার্থী সুজাতা মণ্ডল

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ১৪ জুন : একুশের নির্বাচনে জিততে পারেননি সুজাতা। তবে এবার তাঁকেই পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী করল তৃণমূল কংগ্রেস। বাঁকুড়ার ৪৪ নম্বর জেলা পরিষদ আসনে থেকে টিকিট দিয়ে দাঁড় করিয়ে দিল তৃণমূল কংগ্রেস। সুজাতা মণ্ডল প্রার্থী হতেই বিজেপি বেশ চাপেই পড়েছে। কারণ একদিকে বিজেপির সংগঠন নড়বড়ে। তার উপর সুজাতা গ্রামের রাজনীতিটা বোঝেন। তিনি মহিলা মুখ। সেদিক থেকে অনেকটা সুবিধাজনক অবস্থায় আছেন তিনি। এখানে জয়পুর ব্লকে তিনটি জেলা পরিষদ আসন আছে। তার মধ্যে একটিতে প্রার্থী হয়েছেন সুজাতা মণ্ডল। একুশের বিধানসভা নির্বাচনে তিনি আরামবাগ থেকে তৃণমূল কংগ্রেসে প্রার্থী হয়েছিলেন। কিন্তু হারতে হয় সুজাতাকে। এবার সেটার বদলা তিনি বাঁকুড়া থেকে নিতে চান। সুজাতাকে প্রার্থী করে বিজেপিকেই বার্তা দিল তৃণমূল কংগ্রেস। বিজেপি সাংসদের ঘরের বধুকে প্রার্থী করে আসলে বিদ্ব কটিতে চায় তৃণমূল কংগ্রেস। একমাত্র সুজাতাই জানে কোন তিরে স্বিকৃ হবে বিজেপি। কারণ ২০১৯ সালের লোকসভা নির্বাচনে মামলার জেরে জেলায় ঢোকার অনুমতি ছিল না সৌমিহ খাঁয়ে। তখন স্বামীকে জেতাতে প্রচারে নেমেছিলেন সুজাতাই। কিন্তু সেই স্বামীই যোগ্য সম্মান ন্বীকে না দেওয়ায় ঘর ভেঙে যায়। তারপর থেকেই তৃণমূল কংগ্রেসেই আছেন সুজাতা মণ্ডল। এবার পঞ্চায়েত নির্বাচনে তাঁকেই আশ্বিনের লুকিয়ে রাখা তাসকে সামনে আনল তৃণমূল কংগ্রেস। এখন দেখার জয়ের হাসি সুজাতা হাসেন কিনা।

এনজেপি স্টেশনে লাইনচ্যুত মালগাড়ি

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৪ জুন : শিলিগুড়ির নিউ জলপাইগুড়ি রেলওয়ে স্টেশনের সামনে লাইনচ্যুত হয়ে পড়লো একটি মালবাহী ট্রেন। ঘটনায় রেল চলাচলে সাময়িক বিঘ্ন ঘটে। ট্রেনটিকে লাইনে তোলার কাজ শুরু হয়েছে। ঘটনাটি ঘটেছে বুধবার সকাল ১১ টা নাগাদ। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান কাটিহার ডিভিশনের ADRM সঞ্জয় চিলওয়ারওয়ার সহ রেলের উচ্চ পদস্থ কর্মতারা। জানা যায় ট্রেনটি নিউ জলপাইগুড়ি থেকে শিলিগুড়ি জংশনের দিকে যাওয়ার সময় এই ঘটনা ঘটে। নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে কিছুটা দূরত্ব এই ঘটনা ঘটেছে বলে জানা যায়। ইতিমধ্যেই ট্রেনটিকে লাইনে তোলার কাজ শুরু করেছে রেল কর্মীরা। এই ঘটনার জেরে সাময়িকভাবে ট্রেন চলাচলে বিঘ্ন ঘটে।

ভোটের আগে অস্ত্র উদ্ধার মালদায়

দুরন্ত বার্তা, মালদা ১৪ জুন : পঞ্চায়েত ভোটের আগে অস্ত্র উদ্ধার মালদায়। রত্নায়া থানার তিনপুুর সেতু এলাকায় অস্ত্রসহ ধৃত যুবক। উদ্ধার দুটি পাইপ গান্না এবং তিন রাউন্ড গুলি। ধৃত রূপকুমার মাথাতো মালদার তুতনির রাজকুমারটোলা এলাকার বাসিন্দা। গোপন সূত্রে খবর পেয়ে অত্মিয়ান চালায় পুলিশ। সন্দেহজনক ভাবে যোাক্ষেফা করার সময় আটক করা হয় ওই যুবককে। এরপর তল্লাশি চালিয়ে উদ্ধার হয় আগ্নেয়াস্ত্র। ধৃত যুবককে এদিন আদালতে তুলবে পুলিশ। জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নেওয়া হবে।

উত্তর পূর্ব রেলের বিশ্ব রক্তদাতা দিবস

গোরখপুর, ১৪ জুন : বিশ্ব রক্তদাতা দিবসে, ১৪ জুন, ২০২৩ তারিখে, একটি রক্তদাতা সংবর্ধনা অনুষ্ঠান এবং রক্তদান সংক্রান্ত একটি সেমিনার, হল ললিত নারায়ণ মিশ্র রেলওয়ে হাসপাতালে, এই সেমিনার ডাঃ বি.এন. টৌধুরী, মেডিকেলের সভাপতিত্বে আয়োজিত হয়েছিল। হাসপাতাল আয়োজিত রক্তদান শিবিরে রক্তদানকারী রক্তদাতাদের সম্মান জানাতে আমন্ত্রণ জানানো হয়। এই উপলক্ষে, মেডিক্যাল ডিরেক্টর মিঃ সুধীর কুমার সিং, মিঃ শমসের সিং দাসাউনি, মিঃ অনুজ উপাধ্যায়, মিঃ রণভক্ত কুমার, মিঃ জৌতন ভার্মা, মিসেস স্মৃতি দত্ত ৩০ জনেরও বেশি রক্তদাতাকে সম্মানিত করেন।

প্রশাসনের কড়া নজরদারিতে নবদ্বীপ বিডিও অফিসে নির্বিঘ্নেই সম্পন্ন হলো চতুর্থ দিনে মনোনয়ন জমা পর্ব



গোপাল বিশ্বাস, নদীয়া, ১৪ জুন : রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষণার পর থেকে সর্বত্রই যথেষ্ট তৎপরতা দেখা গেছে রাজনৈতিক দলের তরফে পাশাপাশি প্রশাসনিক মহলেও। বুধবার রাজ্যে মনোনয়নপত্র জমা দেওয়ার চতুর্থ দিন ছিল। কোনরূপ অপ্রতীকর ঘটনা ছাড়াই শান্তিপূর্ণ ভাবে চতুর্থ দিনের মনোনয়নপত্র জমা দেওয়ার ছবি দেখা গেল নবদ্বীপ ব্লকের মরেশগঞ্জ বিডিও অফিসে। এদিনও করা নিরাপত্তা বলয়ে ঘিরে ফেলা হয়েছিল গোটা বিডিও অফিস সহ

নির্বাচন কমিশনের বৈধে দেওয়া নির্দিষ্ট এলাকা জুড়ে। শাসক থেকে বিরোধী কোন দলের লোককে রেয়াত করিনি পুলিশ প্রশাসন। ১৪৪ ধারা মধ্যে একজন ক্যান্ডিডেট এবং একজন প্রস্তাবক ছাড়া অন্য কোন ব্যক্তির অনুমতি ছিল না ভিতরে যাওয়ার, সুন্দর এবং সৃষ্ট ভাবে মনোনয়নপত্র জমা দেওয়ার জন্য শাসক থেকে বিরোধী সকলের উদ্দেশ্যে প্রশাসন ও নির্বাচন কমিশনের নিয়ম মানতে প্রশাসনের তরফে করা হয় মাইকিংও। চতুর্থ দিনেও পুরোপুরি

কাগ রিপোর্টে বেনিয়মের অভিযোগ, জমা ওয়ান ম্যান কমিটির রিপোর্ট

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ১৪ জুন : বিশ্বভারতীতে কাগ অডিট রিপোর্টে বেনিয়মের উল্লেখ। তারই মাঝে জাতীয় তফশিল জাতি কমিশনের শুনানিতে কেন্দ্রীয় কার্যালয়ের বিশ্বভারতী উপাচার্য, ভারপ্রাপ্ত কর্মসচিবের হাজিরা। অভিযোগ ওঠে, প্রশান্ত মেসরামকে লিয়েনে ছুটি দেন নি বর্তমান উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী। তার প্রেক্ষিতে প্রশান্ত মেসরাম নাকি জাতীয় তফশিল জাতি কমিশনে বর্তমান উপাচার্যর বিরুদ্ধে অভিযোগ করেন। এই ব্যাপারে প্রশান্ত মেসরামকে বার বার ফোন করা হলেও তিনি ফোন ধরেন নি। তবে, বিশ্বভারতীর তরফে জন সংযোগ আধিকারিক মহুয়া বন্দ্যোপাধ্যায় এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে গোটা ঘটনাকে অস্বীকার করে বলা হয়েছে, বিশ্বভারতীতে কখনও জাতিগত বৈষম্যকে প্রশ্রয় দেওয়া হয় না। অন্যদিকে, ঘটনার প্রবাহে মূল কাগ অডিট রিপোর্ট চাপা পড়ে গেছে বলে বিশ্বভারতীর একজন উর্ধ্বতন আধিকারিক জানান। যে কারণে এত অভিযোগ বা পাল্টা অভিযোগ। চলতি বছরের গাত ২৪ এপ্রিল ডিরেক্টর জেনারেল অফ অডিট, সেন্ট্রাল করণকাতার ডেপুটি ডিরেক্টর (ইন্সপেকশন) থেকে ০১.০৪.২০২১ থেকে ৩১.০৩.২০২২ সালে এক রিপোর্টে অতিরিক্ত সুবিধা প্রাপক হিসেবে প্রশান্ত মেসিরামের নাম উঠে এসেছে। সেখানে বেনিয়ম সংক্রান্ত কিছু প্রশ্ন তুলেছে কাগ অডিট রিপোর্ট। এক মাসের মধ্যে তার দপ্তর রিপোর্ট তলবও করা হলেও বিশ্বভারতীর কাছ থেকে। সেই প্রেক্ষিতে বিশ্বভারতী কর্তৃপক্ষ প্রশান্ত মেসরামকে জবাব চেয়ে চিঠি করে। এর সঙ্গে বিজ্ঞানের কোনো সম্পর্ক নেই। বিশ্বভারতী সূত্রে জানা গেছে, ২০০৪ সালের জুলাই মাসে একাউন্ট অফিসারের বিজ্ঞাপন বের হয়। সেই পদে প্রশান্ত মেসরামের নিয়োগের পর দেখা যাচ্ছে যে ‘বিশ্বভারতী বিজ্ঞাপিত পে স্কেল’ ‘বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের নির্ধারিত পে স্কেল’ থেকে বেশি। কাগ রিপোর্টে ধরা পড়ে যে বিশ্বভারতী তার সাপেক্ষে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কোন আদেশনামা দেখাতে পারে নি। অথচ প্রশান্ত মেসরামকে আর্থিক বেনিফিট

অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সাহায্য পৌঁছালো রেল দুর্ঘটনায় মৃত্যর বাড়িতে

দুরন্ত বার্তা, সিউডি, ১৪ জুন : সমব্যথী মন, দুঃখ দেখে আগেগে ঢেপে রাখতে পারলো না। বিকাশ রায়টৌধুরী বুকে জড়িয়ে ধরলেন রেল দুর্ঘটনায় নিহত রিতা বাগদির ছেলেকে। মানুষের পাশে তৃণমূল। এই বাবা দিতেই তৃণমূল কংগ্রেসে সাধারণ সম্পদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পক্ষ থেকে ২ লক্ষ টাকা আর্থিক সাহায্য ট্রেন দুর্ঘটনায় নিহত রিতা বাগদির পরিবারের হাতে তুলে দিলেন সিউ’ডি বিধায়ক বিকাশ রায়টৌধুরী। বিকাশ রায়টৌধুরী বলেন, তৃণমূল কংগ্রেস মিথ্যা প্রতিশ্রুতি দেয় না। তারা মানুষের পাশে থাকে। তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পক্ষ থেকে ২ লক্ষ টাকা আর্থিক সাহায্য ট্রেন দুর্ঘটনায় নিহত রিতা বাগদির পরিবারের হাতে তুলে দিলাম। অর্থ দিয়ে কোনো মৃত্যুর ক্ষতিপূরণ করা যায় না। আগেই এই সাহায্য সরকারিভাবে ঘোষিত ছিল। ঘটনার প্রথম দিন থেকেই বিভিন্নভাবে আমদের দল এই দুর্ঘটনাগ্রস্ত পরিবারের পাশে আছে। কেন্দ্র সরকারের মতো মিথ্যা প্রতিশ্রুতি আমদের সরকার দেয় না। তার প্রমাণ মানুষ পেয়েছে। উল্লেখ্য, দুবরাঙ্গপুর ব্লকের পলাশবুনি গ্রামের রিতা বাগদি নামে এক মাঝ বয়সী মহিলা বালেসুর রেল দুর্ঘটনায় মারা যান। তার স্বামী স্বাধীন বাগদি জানান, সেদিনের ঘটনা মনে পড়লে আজও আঁতকে উঠি। যে পারলো উঠলো। যে পারলো না মরে থাকলো। ন্বীকে খুঁজছি। দেখি মরে পড়ে আছে। বিকাশবাবু জানান, কটক হাসপাতাল থেকে লাশ আনার বন্দেবস্ত আমদের রাজ্য সরকার করেছে। শুধু তাই নয় সেই সময় ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে আমরা সবাই ও প্রশাসনের তরফে আর্থিক সহ সবারকমের সাহায্য করছি।

নিয়ম-শৃঙ্খলা মেনে মনোনয়নপত্র জমা করছেন প্রার্থীরা। যদিও কয়েকবার বিভিন্ন রাজনৈতিক দলের তরফে জমায়ত করতে চেষ্টা করে ১৪৪ ধারা জারি থাকা এলাকায় কিন্তু নবদ্বীপ থানার আইসি জলেশ্বর তিওয়ারির তপরতায় তা ছত্রভঙ্গ হয়ে যায়। এদিন সকাল থেকেই সকল রাজনৈতিক দলের তরফে ছিল যথেষ্ট উৎসাহ। একপ্রকার উৎসবের মেজাজেই এদিন মনোনায়ন জমা হলো নবদ্বীপে। এদিন প্রথম তৃণমূলের তরফে মনোনয়ন জমা করতে আসে, সেখানে দেখা গেল বিভিন্ন এলার থেকে অসংখ্য কর্মী সমর্থকদের বাদ্যযন্ত্র সহকারে দলে দলে আসতে। প্রায় একই ছবি ছিল সিপিএমের তরফেও। যদিও বিজেপি প্রথম দিন থেকেই মনোনয়ন জমা করে আসছে, ফলত এদিন বিজেপির তেমন প্রার্থীদের দেখা যায় নি মনোনয়ন জমা করতে। মোটের ওপর বুধবার নবদ্বীপ বিডিও অফিসে নির্বিঘ্নেই সম্পন্ন হলো পঞ্চায়েত নির্বাচনের চতুর্থ দিনে মনোনয়ন জমা পর্ব।

দেশি পান চাষ করে অবিশ্বাস্য সাফল্য পেলো এক চাষী



দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৪ জুন : অভিনব পদ্ধতিতে সুপারি গাছের মধ্যে দেশি পান চাষ করে অবিশ্বাস্য সাফল্য পেলো এক পান চাষী। এমনই পান চাষের সন্ধান পাওয়া গেল জলপাইগুড়ি সদর ব্লকের বোয়ালমারী নন্দনপুর অঞ্চলের হসপিটাল পাড়া এলাকায়। সেখানকার জনৈক চাষী স্বপন বাকই বেশ কয়েকটি সুপারি গাছের মধ্যে দেশি পান চাষ করে আর্থিকভাবে স্বাবলম্বী। স্বপন বাবু বলেন বিনা খরচে বিনা পরিশ্রমে সুপারি গাছে পান চাষ করে যথেষ্ট ফলন পাচ্ছেন তিনি। তিনি আরো বলেন এই পান প্রতি বছরই প্রতিনিয়ত বিক্রি করা যায়। এবং সারা বছর ধরেই বিক্রি করা যায়। প্রতিনিয়ত বিক্রি করে অনেকটাই আর্থিক উপার্জন করতে পারছেন তিনি। যেটা কোনো সিজনালী চাষের ক্ষেত্রে সম্ভব নয়। তাই স্বল্প খরচে সুপারি গাছে পান চাষ করে আর্থিকভাবে স্বাবলম্বি হওয়ার জন্য অন্যান্য চাষীদেরও আহ্বান জানান স্বপনবাবু।

 KOLKATA MUNICIPAL CORPORATION ABRIDGED NIT
The Executive Engineer (E)/Lighting/Zone-III, KMC invites open tender online percentage rate two bid system for following works: (1) NIT No.: KMC/LTG/Z-II/2023-2024/64 Name of Work: Installation of energy effecient LED street light by replacing old HPSV/Metal light fittings and other street lighting accessorise at Bedia Danga Masjid Bari Bye Lane, P. Naskar Lane, New Ballygunj Road in Ward No.-67, Br.-VII. Estimated Amount: ₹ 4,80,117.64. Earnest Money: ₹ 7,700.00. (2) NIT No.: KMC/LTG/Z-III/2023-2024/65 Name of Work: Improvement of light system at Kanta Pukur Math play ground at Picnic Garden Road in Ward No.-67. Estimated Amount: ₹ 3,22,016.32. Earnest Money: ₹ 6,500.00. Period of Completion: 15 days (For Sl. No. 1 & 2). Last Date and Time of Submission of Bid: 26.06.2023 (12 Noon) (For Sl. No. 1 & 2). Technical Bid opened on: 27.06.2023 (For Sl. No. 1 & 2). The bid forms and other details are available on and from 13.06.2023 (6 p.m.) (For Sl. No. 1 & 2) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2). The Executive Engineer (E)/Lighting/Zone-IV, KMC invites tender online, two part bid system for the following works: (1) NIT No.: KMC/LTG/Z-IV/BR-X/09/23-24 Name of Work: Improvement of street lighting system at 49 Plote, 1 No. R. P. Colony, 4 No. R. P. Colony, Haripada Dutta Lane & other areas in Ward No.-94 under Br.-X. Estimated Amount: ₹ 2,83,898.68 (as per BOQ). Earnest Money: ₹ 5,800.00. (2) NIT No.: KMC/LTG/Z-IV/35/23-24 Name of Work: Repairing of street lighting arrangement at Kundu Bustee, Ghoshpara Bustee areas in Ward No.-102, Br.-XII. Estimated Amount: ₹ 1,49,561.37 (as per BOQ). Earnest Money: ₹ 3,000.00. Period of Completion: 30 days (For Sl. No. 1 & 2). Last Date and Time of Completion of Bid: 24.06.2023 upto 2 p.m. (For Sl. No. 1 & 2). The bid forms and other details are available on and from 13.06.2023 from 2 p.m. (For Sl. No. 1 & 2). The Executive Engineer (E)/Lighting/Zone-4, KMC invites E-tender online percentage bid system for the following works: (1) NIT No.: LTG/52/WD-32/BR-II/IZ-1/23-24 Name of Work: Improvement of street lighting system with energy efficient LED lights at Bagmari Road, C.I.T. Road and other places in Ward No.-32, Br.-III. Estimated Amount: ₹ 4,79,749.27. Earnest Money: ₹ 9,600.00. (2) NIT No.: LTG/53/WD-35/BR-II/IZ-1/23-24 Name of Work: Improvement of street lighting system with energy efficient LED lights at R.R.L. Mitra Road, Hemchandra Naskar Lane and other places in Ward No.-35, Br.-III. Estimated Amount: ₹ 3,82,890.19. Earnest Money: ₹ 7,800.00. (3) NIT No.: LTG/51/WD-31/BR-II/IZ-1/23-24 Name of Work: Improvement of street lighting system with energy efficient LED lights at C.I.T. Road Scheme VI-M, Ramkrishna Samadhi Road and other places in Ward No.-31, Br.-III. Estimated Amount: ₹ 4,43,771.86. Earnest Money: ₹ 9,000.00. (4) NIT No.: LTG/32/COM/BR-II/IZ-1/23-24 Name of Work: Installation of lighting arrangement with energy efficient LED light fittings & allied electrical works at HUDCO More to Bengal Chemical Metro Station (E.M. Bypass) under Br.-III. Estimated Amount: ₹ 4,97,725.98. Earnest Money: ₹ 10,000.00. (5) NIT No.: LTG/50/WD-33/BR-II/IZ-1/23-24 Name of Work: Improvement of street lighting system with energy efficient LED lights at S. S. Road (Lake side), Badan Roy Lane and different places in Ward No.-33, Br.-III. Estimated Amount: ₹ 4,56,821.79. Earnest Money: ₹ 9,200.00. Period of Completion: 30 days (For Sl. No. 1 to 5). Last Date and Time of Completion of Bid: 30.06.2023 (12 Noon) (For Sl. No. 1 to 5). (6) NIT No.: KMC/LTG/35/WD-11/BR-II/IZ-1/23-24 Name of Work: Repairing of bustee lighting system at Mohanbagan Lane Bustee, Aurobindo Sarani Bustee and other bustees within Ward No.-11. Estimated Amount: ₹ 1,49,470.22. Earnest Money: ₹ 3,000.00. (7) NIT No.: KMC/LTG/37/WD-12/BR-II/IZ-1/23-24 Name of Work: Repairing of bustee lighting system at Lalit Mitra Lane Bustee, 16 No. Ultadanga Road Bustee and other bustees within Ward No.-12. Estimated Amount: ₹ 1,49,835.52. Earnest Money: ₹ 3,000.00. (8) NIT No.: KMC/LTG/36/WD-10/BR-II/IZ-1/23-24 Name of Work: Repairing of bustee lighting system at Telepara Bustee, Ramdhan Mitra Bye Lane Bustee and other bustees within Ward No.-10. Estimated Amount: ₹ 1,49,429.58. Earnest Money: ₹ 3,000.00. (9) NIT No.: KMC/LTG/61/WD-10/BR-II/IZ-1/23-24 Name of Work: Improvement of street lighting system with energy efficient LED lights at different places in Ward No.-10 under Br.-II. Estimated Amount: ₹ 3,84,082.80. Earnest Money: ₹ 7,700.00.

রামকেলি ধামে শুরু হতে চলেছে মহাপ্রভু শ্রী চৈতন্যদেবের মহোৎসব

দুরন্ত বার্তা, মালদা, ১৪ জুন : মালদার গুপ্ত বিন্দাবণ হিসেবে পরিচিত রামকেলি ধামে শুরু হতে চলেছে মহাপ্রভু শ্রী চৈতন্যদেবের মহোৎসব। প্রতিবছর জ্যৈষ্ঠ সংক্রান্তিতে মালদার ইংরেজবাজার ব্লকের মহদীপুর গ্রাম পঞ্চায়েতে অবস্থিত রামকেলি ধামে ১৫ দিন ধরে উৎসব শুরু হয়। প্রায় ৫০৯ বছর আগে মহাপ্রভু শ্রী চৈতন্যদেব মালদার রামকেলি ধামে পদার্পণ করেছিলেন। এই রামকেলি ধামে মহাপ্রভু শ্রী চৈতন্যদেবের পাদুকা চিহ্ন রয়েছে। সনাতন ধর্ম প্রচারের নিরিখেই মহাপ্রভুর এই পদার্পণ বলেই স্থানীয় সূত্রে জানা গেছে। আর তারপরেই যুগের সাথে তাল মিলিয়েই চলে আসছে রামকেলি ধামের চৈতন্যদেবের উৎসব। বর্তমানে পঞ্চায়েত ও প্রশাসনের পক্ষ থেকে শ্রীচৈতন্যদেবের বিশাল একটি পূর্ণ মূর্তি তৈরি করা হয়েছে। আর এই রামকেলি ধামে আগামী শুক্রবার জ্যৈষ্ঠ সংক্রান্তি থেকে শুরু হচ্ছে মহোৎসব। তাকে ঘিরে এখন সাজো সাজো রব। উল্লেখ্য, প্রতিবছরই রামকেলি ধামে দেশের বিভিন্ন প্রান্ত থেকে ভক্ত, সাধু, সন্ন্যাসীরা এসে থাকেন। রাজ্যের একমাত্র মাতৃ পিণ্ডদান হিসেবেই রামকেলি ধামে স্থান রয়েছে। বহু মানুষ এই রামকেলি উৎসবে মাতৃপিণ্ড দান করে থাকেন। এছাড়াও এই রামকেলি উসব কে ঘিরে বিভিন্ন ধরনের খোল, করতাল, কাঁসর ঘট। সহ নানান ধরনের সামগ্রীর দোকান ইতিমধ্যে বসতে শুরু করেছে। সাধু- সন্তেরাও এসে নিজদের অস্থায়ী ঝুপড়ি বানাতে শুরু করছেন। তবে প্রচন্ড গরমের মধ্যে রামকেলি ধামে পানীয় জলের একটি সমস্যা তৈরি হয়েছে বলেও স্থানীয় সূত্রে জানা গেছে। শ্রী শ্রী রূপ সনাতন মিলন মন্দির এবং বৈষ্ণবশাস্ত্র চর্চা কেন্দ্রের পক্ষ থেকে প্রতিবছরই এই মেলার আয়োজন ও চৈতন্যদেবের পদার্পণ উপলক্ষেই ধুমধাম করে উৎসব পালন করা হয়। রাধাকৃষ্ণের পূজো, শ্রীচৈতন্যদেবের পাদুকা চিহ্নের ভক্তদের দেখার ব্যবস্থা করা হয়। রামকেলি ধামের প্রধান সেবাইত মদন পানিগ্রাহী জানিয়েছেন, হাজার হাজার ভক্তবৃন্দ ও সাধুসন্তেরা রামকেলি ধামে শ্রী চৈতন্যদেবের উৎসবে এসে থাকেন। শ্রীচৈতন্যদেবের রামকেলি ধামের পদার্পণ ৫০৯ বছরে পড়লো। প্রতিবছর এই সংক্রান্তির দিনে ধুমধাম করেই রামকেলি ধামে উৎসব পালিত হয়। রাধাকৃষ্ণের বিগ্রহে পুজোর পাশাপাশি শ্রীচৈতন্যদেবেরও উৎসব পালন করা হয়। ভক্তদের পংক্তিজোড়নের ও আয়োজন করা হয়। কিন্তু এবারে গরমের মধ্যে পানীয় জলের খানিকটা সমস্যা দেখা দিয়েছে। প্রশাসনের কাছে সেই পানীয় জলের সমস্যা সমাধানের জন্য জানানো হয়েছে। জেলাশাসক নীতীন সিংহান্না জানিয়েছেন, রামকেলি উৎসবকে ঘিরে পুলিশ ও প্রশাসনের অস্থায়ী ক্যাম্প সেখানে তৈরি করা হয়েছে। ভক্তদের প্রতি নজরদারি পাশাপাশি সার্বিক সমস্যা সমাধানের ক্ষেত্রে সবারকম উদ্যোগ নেওয়া হয়েছে।

 KOLKATA MUNICIPAL CORPORATION ABRIDGED NIT
The Executive Engineer (E)/Lighting/Zone-III, KMC invites open tender online percentage rate two bid system for following works: (1) NIT No.: KMC/LTG/60/WD-12/BR-II/IZ-1/23-24 Name of Work: Improvement of street lighting system with energy efficient LED lights at different places in Ward No.-12 under Br.-II. Estimated Amount: ₹ 4,84,701.50. Earnest Money: ₹ 9,700.00. Period of Completion: 30 days (For Sl. No. 6 to 10). Last Date and Time of Completion of Bid: 26.06.2023 at 3 p.m. (For Sl. No. 6 to 10). The bid forms and other details are available on and from 14.06.2023 (12 Noon) (For Sl. No. 1 to 5) & 15.06.2023 at 3 p.m. (For Sl. No. 6 to 10) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 10). The Executive Engineer (E)/Lighting/Zone-VI, KMC invites tender online two bid system for the following works: (1) NIT No.: KMC/EE(E)/LTGV/123/1/23-24 Name of Work: Renovation work of indoor & outdoor lighting system, electrical accessories and LED Glow Sign Board of KMC Abahan Community Hall at Sakher Bazar in Ward No.-123. Estimated Amount: ₹ 1,47,231.00. Earnest Money: ₹ 3,000.00. Period of Completion: 21 Days. (2) NIT No.: KMC/EE(E)/LTGV/123/2/23-24 Name of Work: Repairing work for street lighting system at Bose Para, Kailash Ghosh Road & other different areas in Ward No.-123. Estimated Amount: ₹ 1,98,903.00. Earnest Money: ₹ 4,000.00. Period of Completion: 24 Days. (3) NIT No.: KMC/EE(E)/LTGV/123/8/23-24 Name of Work: Repairing work for street lighting system at Motilal Gupta Road near Gupta Udyan and adjacent slum areas in Ward No.-123. Estimated Amount: ₹ 1,49,906.00. Earnest Money: ₹ 3,000.00. Period of Completion: 22 Days. (4) NIT No.: KMC/EE(E)/Z-VI/124/6/23-24 Name of Work: Repairing & Renovation work of street lighting system at Narkel Bagan, Majher Para and other different slum areas in Ward No.-124. Estimated Amount: ₹ 1,49,928.00. Earnest Money: ₹ 3,000.00. Period of Completion: 14 Days. (5) NIT No.: KMC/EE(E)/Z-VI/143/6/23-24 Name of Work: Repairing & Renovation work of street lighting system at Dhalipara, Kalyan Nagar and other different bustee areas in Ward No.-143. Estimated Amount: ₹ 1,49,838.00. Earnest Money: ₹ 3,000.00. Period of Completion: 15 Days. (6) NIT No.: KMC/EE(E)/Z-VI/124/8/23-24 Name of Work: Installation of street lighting system by energy efficient LED fittings at S. B. Park, Narkel Danga, Purba Para and other different areas in Ward No.-124. Estimated Amount: ₹ 4,95,917.00. Earnest Money: ₹ 10,000.00. Period of Completion: 25 Days. Last Date and Time of Completion of Bid: 24.06.2023 – 12 Noon (For Sl. No. 1 to 6). Bid opening date for Technical Proposals (Online): 26.06.2023 – 12 Noon (For Sl. No. 1 to 6). The bid forms and other details are available on and from 16.06.2023 – 6 p.m. (For Sl. No. 1 to 6) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 6). The Director General (E), KMC invites tender online, two bid system for the following works: (1) NIT No.: KMC/DG(E)/LTG/HQ/23/23-24 Name of the Work: Cleaning, Refilling & Re-fixing of Fire Extinguisher at Hogg Building, KMC. Estimated Amount: ₹ 2,26,550.00. Earnest Money: ₹ 4,500.00. Period of Completion: 15 days. (2) NIT No.: KMC/DG(E)/LTG/HQ/22/23-24 Name of the Work: Comprehensive Annual Maintenance Contract of Water Purifier cum Cooler Machines installed at different places of CMO & Hogg Building. Estimated Amount: Open quotation. Earnest Money: ₹ 4,500.00. Period of Completion: 365 days. Last Date and Time of submission of Bid: 27.06.2023 (5 p.m.) (For Sl. No. 1 & 2). The bid forms and other details are available on and from 16.06.2023 (5 p.m.) (For Sl. No. 1 & 2) from the website https://wbenders.gov.in (For Sl. No. 1 & 2). (3) NIT No.: NBG/LTG/CRM/6-08/23-24 Name of the Work: Engagement of personnel at Old Complex & New Complex of Nirtima Burning Ghat. Estimated Amount: ₹ 4,93,267.00. Earnest Money: ₹ 9,900.00. Period of Completion: 365 days. Last Date and Time of submission of Bid: 22.06.2023 at 5 p.m. The bid forms and other details are available on and from 14.06.2023 (5 p.m.) from the website https://etender.wb.nic.in The Director General (Sewerage & Drainage), KMC invites tender online item rate two bid system for following work : NIT No.: KMC/S_D/RGB/1/23-24 (2nd Call) Name of the Work: Mfg. supply, fitting and fixing of C.I Penstock Gate to be installed at the outfall adjacent to Ratan Babu Ghat at Ward No.-1, Br.-I. Estimated Amount: Open quotation. Earnest Money: ₹ 43,925.00. Period of Completion: 45 days. Last Date and Time of submission of Bid: 03.07.2023 – 1 p.m. The bid forms and other details are available on and from 16.06.2023, 5 p.m. from the website https://wbenders.gov.in . For corrigendum etc., if any, the same website has to be seen. 282/23-24

ক্যারিবিয়ান সফরটাই শেষ? নেতা রোহিতের চাকরি বিপদে!

মুম্বই, ১৪ জুনঃ ক্রিকেটের দীর্ঘতম ফরম্যাটে কি নেতৃত্ব বাটিকে রাখতে পারবেন রোহিত শর্মা? কঠিন প্রশ্ন। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে ভারতের বিপর্যয়ের ঘা এখন দগদগে। অধিনায়ক হিসেবে হারের দায়ভার উঠেছে রোহিতের কাঁধে। তাঁর নেতৃত্ব ও পারফরম্যান্স-দুটো নিয়েই কাটাছোঁড়া চলছে। হিটম্যানকে নেতৃত্ব থেকে সরিয়ে দিতে রাজি নয় বিসিসিআই। লাল বলের ফরম্যাটে নেতৃত্বের চাকরি বাটিয়ে রাখার জন্য রোহিত আর মাত্র একটা সুযোগ পাবেন। আগামী মাসের ওয়েস্ট ইন্ডিজ সফর। জুলাই মাসের ১২ তারিখ থেকে শুরু হচ্ছে ভারত-ওয়েস্ট ইন্ডিজ ২ ম্যাচের টেস্ট সিরিজ। ২০২৩-২৫ বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের অন্তর্গত এই সিরিজ। নেতৃত্ব ও ব্যাটিংয়ে ধার, রোহিতকে এই দুটোই ফিরিয়ে নিয়ে আসতে হবে এই ক্যারিবিয়ান সফরে। সংবাদ সংস্থা পিটিআইয়ের একটি সূত্র জানিয়েছে, রোহিতের নেতৃত্ব নিয়ে এখনই বিপদ নেই। সবটাই গুঞ্জন। শিব সুন্দর দাস ও তার দলবল



এখনও রোহিতকে নিয়ে ভাবনাচিন্তা শুরু করেনি। ওয়েস্ট ইন্ডিজ সফরে তিনিই টেস্ট সিরিজে দলকে নেতৃত্ব দেবেন। তবে এই দু বছরের বিশ্ণু টেস্ট চ্যাম্পিয়নশিপ সাইকেলে রোহিত নেতৃত্ব থাকবেন কি না সোটা বড় প্রশ্ন। কারণ ২০২৫ সালের শেষে রোহিত শর্মার বয়স গিয়ে দাঁড়াবে ৩৮ বছরের কাছাকাছি। সেটা ভাবনা বিষয় অবশ্যই। নাম প্রকাশে অনিচ্ছুক এক বিসিসিআই কর্তা জানিয়েছেন, ওয়েস্ট ইন্ডিজ সফরের পর রোহিতের অধিনায়কত্ব নিয়ে ভাবনাচিন্তা শুরু করা হবে। সিরিজে তাঁর পারফরম্যান্স অনেকটাই নির্ভর করছে। রোহিতকে নিয়ে তাড়াতাড়ি করতে চায় না বোর্ডের নির্বাচন কমিটি। ওয়েস্ট ইন্ডিজ সফরের পর ডিসেম্বর মাস পর্যন্ত আর কোনও টেস্ট সিরিজ নেই। সেইসময় দক্ষিণ আফ্রিকা সফরে যাবে ভারতীয় দল। ফলে হাতে অনেকটাই সময় থাকবে সিদ্ধান্ত নেওয়ার জন্য। ততদিনে নির্বাচন কমিটির নতুন চেয়ারম্যান আসবেন। ওই বোর্ড কর্তা আরও জানিয়েছেন, বিরাট কোহলি নেতৃত্ব ছাড়ার পর রোহিত শর্মা টেস্ট ফরম্যাটে ক্যাপ্টেন্সির জন্য তৈরি ছিলেন না।

পৃথিবী বিখ্যাত ক্লাবগুলির মাঝে ইস্টবেঙ্গল! লাল হলুদকে বিশেষ ‘স্বীকৃতি’ বার্সেলোনার



দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুনঃ একটি সাদামাটা ফেসবুক রিলস। স্প্যানিশ ক্লাব এফসি বার্সেলোনার তরফে ক্লাবের লোগো তৈরির একটি ভিডিয়ো পোস্ট করা হয়। সেই সাদামাটা ভিডিয়োর মধ্যে যেন ‘হীরে’ খুঁজে পেলেন ইস্টবেঙ্গল সমর্থকরা। এমন চমক মোটেও আশা করেননি লাল হলুদ জনতা। বার্সেলোনার পোস্ট করা ওই রিলসের মধ্যে খুঁজে পাওয়া গেল লাল হলুদের লোগো! যা নিয়ে ব্যাপক হইচই নেটপাড়া। রিলসে ইস্টবেঙ্গলের লোগোর কার্ড এমন একটা জায়গায় রয়েছে যার আশেপাশে ইউরোপের সব বিখ্যাত ফুটবল ক্লাবগুলি। ম্যাঞ্চেস্টার সিটি, চেলসি, বায়ার্ন মিউনিখ, বরুশিয়া উটমুন্ড ইত্যাদি ইত্যাদি। তারই মধ্যে কলকাতা ময়দানের শতাব্দীপ্রাচীন ক্লাবের উপস্থিতি দেখে আগেগে ভাসছেন ইস্টবেঙ্গল সমর্থকরা। দীর্ঘদিন ক্লাবের ক্যাবিনেটে ঢোকেনি কোনও ট্রফি। আইএসএলের তিনটি মরসুমে মুখ খুবড়ে পড়েছে ইস্টবেঙ্গল। আর্থিক সঙ্কটে ভুগছে ক্লাব। ক্রাউড ফান্ডিংয়ের জন্য জেলায় জেলায় ঘুরতে হচ্ছে ইস্টবেঙ্গল কর্তাদের। এই পরিস্থিতিতে ইস্টবেঙ্গল সমর্থকদের মুখে হাসি ফোটাল লিওনেল মেসির প্রাক্তন ক্লাব। বার্সেলোনার ফেসবুক রিলসে লাল হলুদের লোগো দেখে সমর্থকদের খুশির টিকানা নেই। একজন লিখেছেন, লাল হলুদ জগতময়। ভারত থেকে ভালোবাসা রইল। অন্য একজন লিখেছেন, ইস্টবেঙ্গলের লোগো খুঁজে পেলাম। দেখে ভীষণ আনন্দ হচ্ছে। আবার মাহেনবাবগানকে কটাক্ষ করতেও ছাড়েননি কেমনেকা লিগেছেন, এই পোস্টে তো সবুজ মেরুনের দেখা পেলাম না! ইস্টবেঙ্গলের সিনিয়র দলের অনুশীলন শুরু হওয়ার কথা জুলাই মাসে। দলগঠনে এ বার বাড়তি নজর দিয়েছে দলটি। কোচ কার্লোস কুয়াড্রাতের তালিকা মেনেই তৈরি হচ্ছে দল। নন্দকুমারকে ইতিমধ্যেই দলে নিয়েছে ইস্টবেঙ্গল।

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুনঃ একটি সাদামাটা ফেসবুক রিলস। স্প্যানিশ ক্লাব এফসি বার্সেলোনার তরফে ক্লাবের লোগো তৈরির একটি ভিডিয়ো পোস্ট করা হয়। সেই সাদামাটা ভিডিয়োর মধ্যে যেন ‘হীরে’ খুঁজে পেলেন ইস্টবেঙ্গল সমর্থকরা। এমন চমক মোটেও আশা করেননি লাল হলুদ জনতা। বার্সেলোনার পোস্ট করা ওই রিলসের মধ্যে খুঁজে পাওয়া গেল লাল হলুদের লোগো! যা নিয়ে ব্যাপক হইচই নেটপাড়া। রিলসে ইস্টবেঙ্গলের লোগোর কার্ড এমন একটা জায়গায় রয়েছে যার আশেপাশে ইউরোপের সব বিখ্যাত ফুটবল ক্লাবগুলি। ম্যাঞ্চেস্টার সিটি, চেলসি, বায়ার্ন মিউনিখ, বরুশিয়া উটমুন্ড ইত্যাদি ইত্যাদি। তারই মধ্যে কলকাতা ময়দানের শতাব্দীপ্রাচীন ক্লাবের উপস্থিতি দেখে আগেগে ভাসছেন ইস্টবেঙ্গল সমর্থকরা। দীর্ঘদিন ক্লাবের ক্যাবিনেটে ঢোকেনি কোনও ট্রফি। আইএসএলের তিনটি মরসুমে মুখ খুবড়ে পড়েছে ইস্টবেঙ্গল। আর্থিক সঙ্কটে ভুগছে ক্লাব। ক্রাউড ফান্ডিংয়ের জন্য জেলায় জেলায় ঘুরতে হচ্ছে ইস্টবেঙ্গল কর্তাদের। এই পরিস্থিতিতে ইস্টবেঙ্গল সমর্থকদের মুখে হাসি ফোটাল লিওনেল মেসির প্রাক্তন ক্লাব। বার্সেলোনার ফেসবুক রিলসে লাল হলুদের লোগো দেখে সমর্থকদের খুশির টিকানা নেই। একজন লিখেছেন, লাল হলুদ জগতময়। ভারত থেকে ভালোবাসা রইল। অন্য একজন লিখেছেন, ইস্টবেঙ্গলের লোগো খুঁজে পেলাম। দেখে ভীষণ আনন্দ হচ্ছে। আবার মাহেনবাবগানকে কটাক্ষ করতেও ছাড়েননি কেমনেকা লিগেছেন, এই পোস্টে তো সবুজ মেরুনের দেখা পেলাম না! ইস্টবেঙ্গলের সিনিয়র দলের অনুশীলন শুরু হওয়ার কথা জুলাই মাসে। দলগঠনে এ বার বাড়তি নজর দিয়েছে দলটি। কোচ কার্লোস কুয়াড্রাতের তালিকা মেনেই তৈরি হচ্ছে দল। নন্দকুমারকে ইতিমধ্যেই দলে নিয়েছে ইস্টবেঙ্গল।

বিরাট থাক্কা খেল কিউয়িরা, উইলিয়ামসনের পর বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন ব্রেসওয়েল

কিংসটন, ১৪ জুনঃ ওডিআই বিশ্বকাপের আগে বড়সড় ধাক্কা খেল নিউজিল্যান্ড। চোটের কারণে আগেই ৫০ ওভারের বিশ্বকাপ থেকে ছিটকে গিয়েছেন কিউয়ি নেতা কেন উইলিয়ামসন। এ বার বিদেশি টি-২০ ক্রিকেট লিগে খেলতে গিয়ে চোটের কবলে



নিউজিল্যান্ডের এক তারকা অলরাউন্ডার। গত মাসে ভারতের মাটিতে হওয়া আইপিএলেও খেলে গিয়েছেন এই ক্রিকেটার। তারপরই তিনি চলে যান ইংল্যান্ডে। সেখারকার ঘরোয়া টি-২০ রাউন্ড খেলতে গিয়ে ওরচেস্টারশায়ারের হয়ে খেলতে গিয়ে চোট পান মাইকেল ব্রেসওয়েল। গত ৯ জুন ইয়র্কশায়ারের বিরুদ্ধে খেলতে গিয়ে অ্যাকিলিসে চোট পেয়েছিলেন

ব্রেসওয়েল। এই চোটই তাকে বিশ্বকাপ থেকে ছিটকে দিল। আগামী কাল, বৃহস্পতিবার মাইকেল ব্রেসওয়েলের অস্ত্রোপচার হবে। এই পরিস্থিতিতে তাঁর ওডিআই বিশ্বকাপে আর খেলা হবে না। যা বেশ চাপে ফেলল কিউয়িদের। এই অস্ত্রোপচারের পর সমবায়ী। বিশেষত যখন সে বিশ্ব পর্যায়ের এক টুর্নামেন্টে খেলতে পারবেন না। মাইকেল ব্রেসওয়েল দলের এক গুরুত্বপূর্ণ সদস্য। ওর আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হওয়ার পর ব্ল্যাকক্যাপসের হয়ে ১৫ মাস দারুন ক্রিকেট খেলেছে। ক্রিকেটের তিন ফর্ম্যাটেই আমরা ওর প্রতিভার প্রমাণ পেয়েছি। ভারতে হতে চলা বিশ্বকাপের জন্য ও প্রস্তুতি নিচ্ছিল। মাইকেল নিজেও ভীষণ হতাশ। তবে একইসঙ্গে ও বুঝতে পেরেছে যে চোট খেলাধুলারই অঙ্গ। তাই ও এ বার নিজের রিহায়ে নজর দিচ্ছে।’’ সার্জারির পর মেডিকেল টিমের পক্ষ থেকে সবুজ সঙ্কেত পেলে তারপর দলে ফিরতে পারবেন ব্রেসওয়েল। উল্লেখ্য, বোলিংয়ের পাশাপাশি ব্যাটিংয়েও পারদর্শী মাইকেল ব্রেসওয়েল। তাঁর অলরাউন্ড ক্ষমতা ক্রিকেট বিশ্বকে মুগ্ধ করেছে। এখনও অবধি দেশের হয়ে ৮টি টেস্টে ২৪টি উইকেট নিয়েছেন এবং ২৫৯ রান করেছেন। ওডিআই ও টি-২০ ক্রিকেটে যথাক্রমে ১৫টি ও ২১টি উইকেট নিয়েছেন এবং এই দুই ফর্ম্যাটে ব্রেসওয়েল করেছেন ৫১০ ও ১১৩ রান।

ভারতীয় শিবিরে স্বস্তি বিশ্বকাপের আগেই ২২ গজে ফিরতে পারেন লোকেশ রাহুল

বেঙ্গালুরু, ১৪ জুনঃ বিশ্ব টেস্ট ফাইনালের পর্ব এখন অতীত। ভারতের সামনে রয়েছে এ বার বেশ কয়েকটি সিরিজ, এশিয়া কাপ এবং ওডিআই বিশ্বকাপ। এ বছর ৫০ ওভারের বিশ্বকাপের আয়োজক ভারত। ফলে আইসিসির এই টুর্নামেন্টে ভারতের বিশেষ দায়িত্ব থাকছে। এরই মাঝে বিশ্বকাপের আগেই ভারতীয় শিবিরের জন্য সুখবর আসতে চলেছে। ২২ গজে ফেরার প্রস্তুতি



শুরু করে দিয়েছেন ভারতের উইকেটকিপার-ব্যাটার লোকেশ রাহুল। ১৩ জুন, মঙ্গলবার রাতে বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রিহায করতে গেলেন কেএল রাহুল। গত মে মাসের ৯ তারিখ লোকেশ রাহুল সোশ্যাল মিডিয়ায় জানিয়েছিলেন তাঁর সফল অস্ত্রোপচার হয়েছে। মার্কিন যুক্তরাজ্য থেকে থাই সার্জারি করে দেশে ফেরার পর এ বার এনসিএতে পৌঁছে গেলেন লোকেশ রাহুল। ফলে ক্রিকেট বিশেষজ্ঞরা মনে করছেন এশিয়া কাপের সময় ম্যাচ ফিট হয়ে উঠতে পারেন কেএল। তারপর রয়েছে দেশের মাটিতে ওডিআই বিশ্বকাপ। রাহুল তার আগে পুরোপুরি সুস্থ হয়ে উঠলে ৫০ ওভারের বিশ্বকাপে তাকে পেয়ে যাবে ভারত। তেমনিটা হলে টিম ইন্ডিয়ার জন্য তা কার্যত খুশির খবরই হবে। ভারতীয় দলের এক গুরুত্বপূর্ণ ক্রিকেটার হলেন লোকেশ রাহুল। এ বারের আইপিএলের শেষের দিকে চোটের কারণে রাহুলের আর খেলা হয়নি। এরপর চিকিৎসকদের পরামর্শে থাই সার্জারি করান রাহুল। যার ফলে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপে কহিনালে খেলতে পারেননি রাহুল। ঋষভ পন্থের অনুপস্থিতিতে ভারতীয় দলের দ্বিতীয় পছন্দের উইকেটকিপার-ব্যাটার হচ্ছেন লোকেশ রাহুল। ফলে দেশের মাটিতে হতে চলা ওডিআই বিশ্বকাপের আগে রাহুল যদি পুরোপুরি ফিট হয়ে যান, তা হলে তাকে দেখা যেতে পারে উইকেটের পেছনে। অস্ত্রোপচারের পর লন্ডনে স্ত্রীর সঙ্গে ছুটি কাটিয়ে দেশে ফিরেছেন রাহুল। মঙ্গলবার লোকেশ রাহুল নিজের এনসিএতে ফেরার খবর সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেছেন। ওডিআই ফর্ম্যাটে ভারতের জন্য মিডল অর্ডারের গুরুত্বপূর্ণ ক্রিকেটার হলেন রাহুল। ফলে বিশ্বকাপের আগে তিনি পুরোপুরি সুস্থ হয়ে উঠলে টিম ইন্ডিয়ারই লাভ। দেশের হয়ে তিন ফর্ম্যাটে রাহুলের নামের পাশে রয়েছে ১৪টি শতরান। ৪৭টি টেস্টে ২৬৪২ রান, ৪৪টি ওডিআই ম্যাচে ১৯৮৬ রান ও ৭২টি টি-২০ ম্যাচে ২২৬৫ রান করেছেন রাহুল।

এক বছরের লোনে লাল-হলুদে সই করলেন নিশু কুমার

দুরন্ত বার্তা, কলকাতা, ১৪ জুনঃ কেরালা ব্লাস্টার্স থেকে ১ বছরের লোনে লাল হলুদে সই করলেন নিশু কুমার। কোচ কার্লোস কুয়াড্রাত লেফট ব্যাকে একজন অভিজ্ঞ ফুটবলারকে চেয়েছিলেন। নিশুর আগমনে সেই সমস্যার সমাধান হতে পারে। ইস্টবেঙ্গলের তরফে বিবৃতি দিয়ে নিশু কুমারকে স্বাগত জানিয়েছে ইস্টবেঙ্গল। ২০১৮-১৯ সালে বেঙ্গালুরু এফসির হয়ে আইএসএল জিতেছেন নিশু। এছাড়া ২০২১-২২ মরসুমের রানার্স টিম কেরালা ব্লাস্টার্সের সদস্য ছিলেন তিনি। ইস্টবেঙ্গলের তরফে জানানো হয়েছে, নিশুর গুণমান, অভিজ্ঞতা এবং বহুমুখিতা স্কোয়াডে আপ দারুণ সংযোজন। ইতিমধ্যেই কোচ কার্লোসের অধীনে আইএসএল জিতেছে। আমরা ওর জন্য অপেক্ষা করছি। শতবর্ষের ইস্টবেঙ্গলে পা দিতে পেরে খুশি ২৫ বছরের নিশু। তিনি বলেছেন, ‘‘ইস্টবেঙ্গলের মতো ঐতিহ্যবাহী ক্লাবে যোগ দিতে পেরে গর্বিতে বোধ করছি। ক্লাবের ক্যান বেস অনেক বড়। প্লেয়ারদের কাছে এটা দারুণ অনুপ্রেরণাদায়ক। কোচ কার্লোসের অধীনে ফের খেলার সুযোগ পেয়ে রোমাঞ্চিত বোধ করছি। আগামী মরসুমে দলের হয়ে প্রচুর ম্যাচ খেলব এবং নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করব।’’ ভালো দল গড়তে চুপিপারেই দলগঠনের কাজ করছে ইস্টবেঙ্গল। কুয়াড্রাতের পাঠানো লিস্ট মেনেই



টিম তৈরি হচ্ছে। বিদেশি ফুটবলারদের কার্যত ফাইনাল করে নেওয়ার পর দেশীয় ফুটবলারদের দিকে মনোযোগ দিয়েছে ইস্টবেঙ্গল। ক্রেটন সিলভার সঙ্গে আগেই চুক্তি করেছিল ক্লাব। পিভেরিও, বোরহা, ক্রেসপোদের সঙ্গেও চুক্তি প্রায় পাকা করে ফেলেছে ইস্টবেঙ্গল। দেশীয় ফুটবলারদের মধ্যে নন্দাকুমার লাল হলুদে যোগ দিয়েছেন। ৭ বছর বাদে লাল-হলুদে ফিরতে চলেছেন হরমনচোয়াং সিং খাবরা। রহিম আলির জন্য এখনও অপেক্ষা করছে ক্লাব।

মেসির কাছে স্কালোনি ‘স্পেশাল’, গার্ডিওলা ‘বিশ্বসেরা’

বেজিং, ১৪ জুনঃ বার্সেলোনায় ফেরার ইচ্ছে ছিল লিওনেল মেসির। কিন্তু সেটি হয়নি। তবে বার্সেলোনা তো তাঁর বেড়ে ওঠার জায়গাই। ক্যাম্প ন্যুওর দীর্ঘ কেরিয়ারের অনেক মধুর স্মৃতিই আছে তাঁর। যে স্মৃতিগুলো সব সময়ই তাকে আনন্দ দেয়, উজ্জীবিত করে। এই মুহূর্তে আর্জেন্টিনা দলের সঙ্গে চিনে আছেন মেসি। আগামীকাল বেজিংয়ে অস্ট্রেলিয়ার বিপক্ষে আন্তর্জাতিক প্রীতি ম্যাচে মাঠে নামবেন তাঁর বিশ্বকাপজয়ী দল নিয়ে। এর আগে চিনা সংবাদমাধ্যম টাইটান্টকে এক দীর্ঘ সাক্ষাৎকার দিয়েছেন মেসি। সেখানে বিভিন্ন ইস্যুতে কথা বলেছেন আর্জেন্টাইন তারকা। বার্সেলোনায় দীর্ঘ সময় খেলতে পারাটাকেও সৌভাগ্য মনে করেন মেসি, ‘‘আমি বার্সেলোনায় দীর্ঘ সময় খেলেছি, এ জন্য নিজেকে সৌভাগ্যবান মনে করি।

আমাদের দলের সব খেলোয়াড়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ ছিলেন। সেটা তাঁর দর্শনের কারণেই। তিনি যেভাবে কাজ করেন, যেভাবে খেলোয়াড়দের সঙ্গে মেশেন, তাঁর কথা বলার ধরন-সবই দুর্দান্ত। অবশ্য সব দলের কোচরাই তাদের খেলোয়াড়দের জন্য গুরুত্বপূর্ণ। একেকজন একেক রকম। তবে আর্জেন্টিনা দলের যে অর্জন, সেটির জন্য অবশ্যই স্কালোনি বিশেষ কেউ (স্পেশাল)।’’ কোচের প্রসঙ্গে পেপ গার্ডিওলার কথাও এসেছে সাক্ষাৎকারে। মাত্র কয়েক দিন আগেই গার্ডিওলা ম্যানচেস্টার সিটিকে চ্যাম্পিয়নস লিগের শিরোপা জিতিয়েছেন। তাঁর হাত ধরেই সদ্য সমাপ্ত মরসুমে ‘ট্রবল’ জিতেছে সিটি। মেসির কেরিয়ারেও গার্ডিওলার ভূমিকা যথেষ্ট। গার্ডিওলা এর আগে চ্যাম্পিয়নস লিগ জিতেছেন বার্সেলোনার কোচ হিসেবেও।



বার্সেলোনায় আমি দুর্দান্ত সব খেলোয়াড়ের সঙ্গে খেলেছি। এদের মধ্যে আছে রোনাল্ডিনহো, ডেকো, স্যামুয়েল ইতো, লুইস সুয়ারেজ, জাভি, ইনিয়েস্তা, বুসকেটা। আমি তাদের সঙ্গে খেলেও নিজেকে সৌভাগ্যবান মনে করি। তাদের সঙ্গে খেলা খুব উপভোগ করেছি।’’ সাক্ষাৎকারে দুর্দান্ত সব খেলোয়াড়ের নাম মেসি নিয়েছেন। তবে বন্ধু নেইমারের কথা বলতে ভুলে গিয়েছিলেন। সেটি তিনি পরে স্বীকারও করেন, ‘‘ওহ! আমি নেইমারের কথা বলতে ভুলে গেছি। দারুণ সব খেলোয়াড়ের সঙ্গে খেলেছি তো! এদের ছাড়াও আরও অনেকে আছে, যাদের নাম বলতে ভুলে গেছি। যেমন ইব্রাহিমোভিচ, ডেভিড ভিয়া-এদের সবার সঙ্গে খেলে আনন্দ পেয়েছি। এই খেলোয়াড়দের সঙ্গে খেলাও সহজ।’’ গত ডিসেম্বরে কাতারে আর্জেন্টিনাকে বিশ্বকাপ জিতিয়েছেন মেসি। দেশে ফিরে আর্জেন্টিনার মানুষের সঙ্গে বিশ্বকাপ জয়ের আনন্দ উদ্‌যাপন করেছেন। বিশ্বকাপ জয়ে কোচ লিওনেল স্কালোনির বিশেষ অবদান দেখেন মেসি, ‘‘স্কালোনি

মেসি-জাভি-ইনিয়েস্তাদের নিয়ে তখন বার্সাকে বিশ্বসেরা বানিয়েছিলেন গার্ডিওলা। সিটিতে স্প্যানিশ এই কোচের সাফল্যে দারুণ খুশি মেসি, ‘‘আমার সব সময়ই গার্ডিওলার সঙ্গে যোগাযোগ আছে। তাঁর সঙ্গে আমার অনেক কথা হয়। তাঁর চ্যাম্পিয়নস লিগ জয়ের সাফল্যে আমি দারুণ খুশি। গার্ডিওলা বিশ্বের অন্যতম সেরা কোচ। তবে আমি মনে করি, তিনি বিশ্বসেরা আগে থেকেই, আর এটি প্রমাণের জন্য তাঁর চ্যাম্পিয়নস লিগ জেতার দরকার নেই। তবে যেহেতু তিনি বিশ্বের অন্যতম সেরা কোচ, তাই চ্যাম্পিয়নস লিগের সাফল্যটা তাঁর প্রাপ্য সব সময়ই।’’ ফুটবল ছাড়ার পর কোচিংয়ে আসবেন না মেসি। আগেও এমনটি করেছিলেন। তবে এটাও জানিয়েছেন, ভবিষ্যতে অনেক কিছুই ঘটতে পারে, ‘‘আমি কোচ হতে চাই না। আমি সব সময়ই এটা বলেছি। তবে জীবনে অনেক কিছুই ঘটতে পারে। আমি জানি না ভবিষ্যতে কী হবে। তবে আমি এখন পর্যন্ত কোচিংয়ে আসব না বলেই সিদ্ধান্ত নিয়ে রেখেছি।’’

আন্তর্জাতিক ক্রিকেট বাঁচাতে ফ্র্যাঞ্চাইজি লিগে হস্তক্ষেপ করতে যাচ্ছে আইসিসি

দুবাই, ১৪ জুনঃ বিশ্বব্যাপী ফ্র্যাঞ্চাইজি লিগের দাপট আন্তর্জাতিক ক্রিকেট এক রকম সংকটের মধ্যেই পড়ে গেছে। ক্রিকেটাররা দেশের হয়ে আন্তর্জাতিক ম্যাচ খেলার আগ্রহ হারাচ্ছেন। সম্প্রতি ওপেনার জেসন রয় ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ডের (ইসিবি) কেন্দ্রীয় চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে নিয়ে যুক্তরাষ্ট্রের মেজর লিগ ক্রিকেটে (এমএলসি) যোগ দেওয়ার পর শঙ্কটা আরও বেড়েছে। রয় প্রথম ইংলিশ ক্রিকেটার, যিনি বোর্ডের কেন্দ্রীয় চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে নিয়েছেন। এমন পরিস্থিতিতে ক্রিকেটের সর্বোচ্চ সংস্থা আইসিসি আন্তর্জাতিক ক্রিকেটকে রক্ষা করতে কয়েকটি বিশেষ পদক্ষেপ নিতে যাচ্ছে। এর মধ্যে আছে ফ্র্যাঞ্চাইজি টি-টোয়েন্টি লিগগুলোতে প্রথম একাদশে বিদেশি ক্রিকেটারের সংখ্যা নির্দিষ্ট করে দেওয়া। একই সঙ্গে ফ্র্যাঞ্চাইজি লিগে কোনো দেশের ক্রিকেটার চুক্তিবদ্ধ হওয়ার সময় ওই দেশের ক্রিকেট বোর্ড যেন অর্থলাভ করতে পারে, সেই ব্যবস্থাও করতে যাচ্ছে আইসিসি। ব্রিটিশ পত্রিকা ডেইলি টেলিগ্রাফ এক প্রতিবেদনে জানিয়েছে এসব। সম্প্রতি সংযুক্ত আরব আমিরশাহীতে চালু হয়েছে ইন্টারন্যাশনাল টি-টোয়েন্টি লিগ। আগামী মাসে যুক্তরাষ্ট্রে চালু হতে যাচ্ছে নতুন টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজি লিগ। এমনকি সৌদি আরবেও টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজি লিগ চালু হচ্ছে বলে গুঞ্জন আছে। ভারতের আইপিএল, অস্ট্রেলিয়ার বিগ ব্যাশ টি-টোয়েন্টি, পাকিস্তানের পিএসএল, বাংলাদেশের বিপিএল ছাড়াও এ বছরের শুরুতে দক্ষিণ আফ্রিকা চালু করেছে নতুন টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজি লিগ। প্রথম একাদশে বিদেশি ক্রিকেটারের সংখ্যা নির্দিষ্ট করার পেছনে মূলত আছে নতুন কিছু লিগ। আরব আমিরশাহীর লিগে এক দলে সর্বোচ্চ ৯ জন বিদেশি খেলোয়াড় রাখার



খেলাতে পারে দলগুলো। আপাতত সেটিকেই মানদণ্ড ধরে এগোতে চায় আইসিসি। ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থার শঙ্কটা মূলত সৌদি আরবের প্রস্তাবিত টি-টোয়েন্টি লিগ নিয়েই। এতে ইউরোপীয় ফুটবলের মতো বিদেশি খেলোয়াড়ের নির্দিষ্ট কোনো কোটা থাকবে না বলেই মনে করা হচ্ছে। আইপিএলের মতো ফ্র্যাঞ্চাইজি লিগগুলোতে যদি প্রতি ম্যাচে চারজন বিদেশি খেলোয়াড় নির্দিষ্ট করে দেওয়া হয়, তাহলে এই লিগগুলোতে স্থানীয় খেলোয়াড়দের সুযোগও অনেক বেড়ে যাবে

স্বাভাবিকভাবেই। লিগগুলোতে প্রতি ম্যাচে হতে যাচ্ছে ৬। টেলিগ্রাফ জানিয়েছে, আইসিসি আগামী মাসেই ফ্র্যাঞ্চাইজি লিগে প্রতিটি দলে বিদেশি খেলোয়াড়ের সংখ্যা ৪-এ বেঁধে রাখার নিয়ম করে দিতে যাচ্ছে। প্রতি খেলোয়াড়ের চুক্তির বিনিময়ে সংশ্লিষ্ট ক্রিকেট বোর্ডের নির্দিষ্ট অফের অর্থপ্রাপ্তিও আইসিসি ব্যয়তামূলক করতে পারে আগামী মাসেই। আইপিএল প্রতি ম্যাচে সর্বোচ্চ চারজন বিদেশি খেলোয়াড় রাখার

রাখছে না। কিন্তু বিভিন্ন দেশের ক্রিকেট বোর্ড খেলোয়াড় তৈরিতে প্রতিদ্বন্দ্বিতা যে কাজ করে যাচ্ছে, ফ্র্যাঞ্চাইজিগুলো একেবারে বিনা পরসায় সেই সুবিধা ভোগ করে যাচ্ছে, ‘‘ইসিবি যে অর্থ আয় করে, সেটির সমস্যা হচ্ছে, আমাদের এই টাকাটা অনেক জায়গায় খরচ করতে হয়। কিন্তু ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্টগুলো আমাদের সেরা খেলোয়াড়দের নিলেও তারা এ জন্য আমাদের কোনো অর্থ পরিশোধ করছে না। তারা খেলোয়াড়দের টাকা দিচ্ছে টিকিট, কিন্তু এই খেলোয়াড় সরবরাহের জায়গাকে কিছু দিচ্ছে না। ফ্র্যাঞ্চাইজি লিগের উচিত খেলোয়াড় যেখান থেকে তৈরি হচ্ছে, তাদের টাকা দেওয়া।’’ টেলিগ্রাফ জানিয়েছে, ২০১৮ সালে ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট বোর্ডের প্রধান নির্বাহী জনি গ্রেভ এ ধরনের একটি প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু সে সময় তাঁর সেই প্রস্তাব বিভিন্ন ক্রিকেট বোর্ডের কাছে খুব একটা পাতা পায়নি। কিন্তু মাত্র পাঁচ বছরের ব্যবধানে বিশ্বব্যাপী ফ্র্যাঞ্চাইজি লিগগুলোর দাপটে খেলোয়াড়দের দেশের হয়ে খেলার ব্যাপারের অনীহা ও তাঁদের কেন্দ্রীয় চুক্তি থেকে নিজেকে প্রত্যাহার করে নেওয়ার প্রণয়তার মুখে প্রেতের প্রস্তাবটি নিয়ে সবাই গভীরভাবে চিন্তাভাবনা শুরু করেছে। রয় সম্প্রতি ইসিবি'র কেন্দ্রীয় চুক্তি থেকে নিজেকে সরিয়ে নেওয়ার আগে গত বছর এমনটি করেছিলেন নিউজিল্যান্ডের ফাস্ট বোলার ট্রেট বোল্টও। ভবিষ্যতে বিভিন্ন দেশের তারকা ক্রিকেটাররা যদি এমন করা শুরু করেন, তাহলে আন্তর্জাতিক ক্রিকেটের প্রাসঙ্গিকতাই হুমকির মুখে পড়ে যাবে। স্বাভাবিকভাবেই যুক্তরাষ্ট্রের মতো দেশে ফ্র্যাঞ্চাইজি লিগও আইসিসির ভাবনার কারণ হতে পারে। আগামী মাসে দেশটিতে চালু হওয়া লিগটি যথেষ্টই অর্থকরী হতে যাচ্ছে। মাইক্রোসফটের প্রধান নির্বাহী সত্য নাদেলা এই লিগের নেপথ্য কারিগর হিসেবে কাজ করছেন।

প্রকাশিত

সুচিকিৎসা

২৫ বর্ষ • যষ্ঠ সংখ্যা • ১ জুন ২০২৩

দুধ না খেলে

- শৈশবের পুষ্টি দুধ
- স্বাদে-গুণে তরপুর পনির
- দুধ - সুপার ফুড
- প্রস্রাবে রক্তক্ষরণ
- হাটকে সুস্থ রেখে বাঁচা
- রোবোটিক সার্জারি

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন

www.suchikitsa.in